গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
কোম্পানি এ্যাফেয়ার্স
www.petrobangla.org.bd

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

**পেট্রোবাংলার ১৪৩তম মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজানুর রহমান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **২১/০৭/২০২৫ খ্রি.** |
| সভার সময় | **বিকাল ০৩:০০ ঘটিকা** |
| স্থান | অনলাইন ভিডিও সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভাপতি অনলাইন জুম প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে পেট্রোবাংলার ১৪৩তম মাসিক পর্যালোচনা সভা সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পেট্রোবাংলার সচিব (উর্ধ্বতন মহাব্যবস্থাপক) পর্যায়ক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় সংযুক্ত সদস্যগণের সর্বসম্মতিতে গত ২৩-০৬-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৪২তম মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

৩। সভায় ২৩-০৬-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলার ১৪২তম মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয় নিয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১। **<u>বার্ষিক গোপনীয় অনুবেদন ব্যবস্থাপনা:</u>**
পরিচালক (প্রশাসন) সভায় বলেন যে, ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর যথাসময়ে ও যথানিয়মে জমা প্রদান ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসিআরে কোনো ধরণের বিরূপ মন্তব্য থাকলে উক্ত ক্ষেত্রে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণ করা হয়েছে কিনা তা নিরূপণ করতে হবে এবং সেক্ষেত্রে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেনো বিরূপ মন্তব্য এর কারণে কোনো সহকর্মী পরবর্তীতে বঞ্চিত না হয়। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। সভাপতি আরও বলেন যে, গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মকর্তার অসদাচারণ হিসেবে গণ্য হবে।

সভায় কোম্পানিসমূহের বার্ষিক গোপনীয় অনুবেদন ব্যবস্থাপনার বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়, যা নিম্নরূপ:

| ১ | অগ্রগতি ও বাস্তবায়ন |
|---|---|
| **পেট্রোবাংলা** | গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষরের জন্য নির্ধারিত সময় মার্চ, ২০২৫ মাস শেষে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত সকল গোপনীয় অনুবেদন প্রয়োজনীয় যাচাই-বাছাই করে কর্মকর্তাগণের নিজ নিজ এসিআর ফাইলে সংরক্ষণ করা হয়েছে। প্রাপ্ত ২০২৪ সালের গোপনীয় অনুবেদন প্রতিবেদনসমূহের কোনটিতে বিরূপ মন্তব্য পাওয়া যায়নি। |
| **বাপেক্স** | (১) ২০২৪ পঞ্জিকা বছরের গোপনীয় অনুবেদন (এসিআর) যথাসময়ে ও যথানিয়মে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(২) ২০২৪ পঞ্জিকা বছরের গোপনীয় অনুবেদন (এসিআর)-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া যায়নি।<br>(৩) নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| **বিজিএফসিএল** | সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে। |

| | |
|---|---|
| এসজিএফএল | (১) ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর যথাসময়ে এবং যথানিয়মে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(২) কোম্পানির ৬ষ্ঠ গ্রেডভুক্ত একজন কর্মকর্তার ২০২১ সালের বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য রয়েছে। বার্ষিক গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তা চূড়ান্ত নিষ্পত্তির জন্য নথিটি পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।<br>(৩) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| জিটিসিএল | নিদের্শনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| টিজিটিডিপিসিএল | (১) ২০২৪ ক্যালেন্ডার বর্ষের কর্মকর্তা-কর্মচারীগণের শতভাগ এসিআর ইতোমধ্যে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট জমা হয়েছে এবং তা যাচাই প্রক্রিয়া চলমান রয়েছে।<br>(২ ও ৩) এসিআর এ কোনো ধরনের বিরূপ মন্তব্য থাকলে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০ অনুসরণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০ এর নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| বিজিডিসিএল | (১) ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর যথাসময়ে পাওয়া গেছে এবং তা যথানিয়মে জমা প্রদান ও যাচাই-বাছাইপূর্বক সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(২) ০১ জন কর্মকর্তার এসিআর-এ বিরূপ মন্তব্য পাওয়া গেছে। এ বিষয়ে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার এসিআরসহ প্রয়োজনীয় তথ্যাদি ইতোমধ্যে পেট্রোবাংলা প্রেরণ করা হয়েছে।<br>(৩) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে ২০২৪ ক্যালেন্ডার বর্ষের এসিআর ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃক সংরক্ষণ করা হয়েছে। |
| জেজিটিডিএসএল | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| পিজিসিএল | ১। ২০২৪ ক্যালেন্ডার বর্ষ শেষে সকল প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণ গত ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রতিস্বাক্ষরপূর্বক ২০২৪ ক্যালেন্ডার বর্ষের এসিআর যথানিয়মে জমা প্রদান করেছেন।<br>২। পিজিসিএল-এর কোন কর্মকর্তা-কর্মচারীদের এসিআরে কোনো ধরণের বিরূপ মন্তব্য নেই। ভবিষ্যতে এসিআরে কোনরূপ বিরূপ মন্তব্য পাওয়া গেলে উক্ত ক্ষেত্রে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| কেজিডিসিএল | ১। ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর জমা প্রদান করা হয়েছে ও যাচাই বাছাই শেষে ডোসিয়ারে সংরক্ষণ করা হয়েছে।<br>২। ২০২৪ ক্যালেন্ডার বর্ষের এসিআরে কোন বিরূপ মন্তব্য নেই। |
| এসজিসিএল | ১। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসারে ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর যথাসময়ে ও যথানিয়মে জমা পড়েছে ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>২। এসিআর-এ বিরূপ মন্তব্য থাকলে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। |
| আরপিজিসিএল | (১) ২০২৪ ক্যালেন্ডার বর্ষের কোম্পানির সকল পর্যায়ের কর্মকর্তাদের এসিআর যথাসময়ে সম্পাদিত হয়েছে এবং ডোসিয়ার সংরক্ষণকারীর নিকট জমা প্রদান করা হয়েছে।<br>(২) ২০২৪ সালের কোনো এসিআরে বিরূপ মন্তব্য পাওয়া যায়নি।<br>(৩) নির্ধারিত সময়ের মধ্যে কোনো এসিআর ডোসিয়ার সংরক্ষণকারীর নিকট জমা প্রদানে ব্যত্যয় হয়নি। |
| বিসিএমসিএল | (১) বিসিএমসিএল-এর সকল কর্মকর্তা-কর্মচারীর ২০২৪ ক্যালেন্ডার বর্ষের জন্য এসিআর ফর্ম পূরণপূর্বক যথাসময়ে দাখিলের নিমিত্ত ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। সে মোতাবেক সকল এসিআর যথানিয়মে পূরণ/সম্পাদনপূর্বক ডোসিয়ারে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(২) বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীগণের ২০২৪ সালের এসিআরে কোনো ধরণের বিরূপ মন্তব্য নেই।<br>(৩) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী বিসিএমসিএল-এর ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল কর্মকর্তা-কর্মচারীর গোপনীয় অনুবেদন সংক্রান্ত সকল কাজ মার্চ, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করে সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। |
| এমজিএমসিএল | ১। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>২। ২০২৪ সালের এসিআর-এর ক্ষেত্রে নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।<br>৩। নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

<u>**সিদ্ধান্ত:**</u>

(১) ২০২৪ ক্যালেন্ডার বর্ষের সকল পর্যায়ের শতভাগ এসিআর যথাসময়ে ও যথানিয়মে জমা প্রদান ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) এসিআরে কোনো ধরণের বিরূপ মন্তব্য থাকলে উক্ত ক্ষেত্রে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণ করা হয়েছে কিনা তা নিরূপণ করতে হবে এবং সেক্ষেত্রে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মকর্তার অসদচারণ হিসেবে গণ্য হবে।

<u>**কার্যব্যবস্থায়:**</u>

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.২। **ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড ব্যবস্থাপনা:**

সভাপতি বলেন যে, সকল কোম্পানিকে তাদের নীতিমালা অনুযায়ী ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড ব্যবহার করতে হবে এবং ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড বিধি মোতাবেক খরচ করা হচ্ছে কিনা তার তথ্য পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে।

সভায় কোম্পানিসমূহের ডেপ্রিসিয়েশন ফান্ড এর বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়, যা নিম্নরূপ:

| কোম্পানির নাম | সর্বশেষ পর্যন্ত (হালনাগাদ) Depreciation ফান্ডে যত টাকা আছে (কোটি টাকা) | মন্তব্য (বিধি মোতাবেক খরচ করছে কিনা) |
|---|---|---|
| বাপেক্স | Depreciation ফান্ড - ২৬১.১৪<br>Depletion ফান্ড - ৩০৯.৫২ | ডেপ্রিসিয়েশন(Depreciation)ফান্ড নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে। |
| বিজিএফসিএল | ১৩৪৬.৭৮<br>(৩০-০৬-২০২৫) | Depreciation ফান্ডের নীতিমালা অনুযায়ী খরচ করা হচ্ছে। |
| এসজিএফএল | - | কোম্পানির ৫৩৪তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত ডেপ্রিসিয়েশন ফান্ড পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ফান্ডের অর্থ খরচের খাত উল্লেখপূর্বক প্রণীত নীতিমালা অনুযায়ী উক্ত ফান্ডের অর্থ ব্যয় করা হয়ে থাকে। |
| জিটিসিএল | ৯.১৬ লক্ষ টাকা | ২০/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৪৭৮তম বোর্ড সভায় জিটিসিএল অবচয় তহবিল নীতিমালা অনুমোদিত হয়েছে। কোম্পানির তারল্য সংকট নিরসনের পর উক্ত তহবিলে অর্থ বরাদ্দ দেয়া হবে। |
| টিজিটিডিপিএলসি | ১) সিএ ফার্মের প্রতিবেদন অনুযায়ী ৩০-০৬-২০২৩ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অবচয়ের পরিমাণ ২০৫৭.৮০ কোটি টাকা, যার মধ্যে কোম্পানীর নিজস্ব তহবিল থেকে ৮২৯.২১ কোটি টাকার স্থায়ী সম্পদ ক্রয় করা হয় এবং অবশিষ্ট ১২২৮.৫৯ (এক হাজার দুইশত আটাশ দশমিক উনষাট মাত্র) কোটি টাকা অবচয় তহবিলে স্থানান্তরযোগ্য।<br><br>(২) ৩০-০৬-২০২৪ তারিখে ক্রমপুঞ্জিভূত অবচয়ের পরিমাণ ২১৪৪.০০ কোটি টাকা এবং অবচয় তহবিলে বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ (২১৪৪.০০-৮২৯.২১)=১৩১৪.৭৯ কোটি টাকায় উন্নীত হয়। তন্মধ্যে ৫০৩.০০ কোটি টাকা উক্ত তহবিলে বিনিয়োগ করা হয়েছে এবং অবশিষ্ট ৮১১.৭৯ কোটি টাকা "অবচয় তহবিল-২০২৩" এর অনুচ্ছেদ-৫.২ অনুযায়ী কোম্পানীর পর্যাপ্ত আর্থিক তারল্য থাকা সাপেক্ষে পর্যায়ক্রমে বর্ণিত তহবিলে বিনিয়োগ করা হবে। | - |
| বিজিডিসিএল | ৪৫৫.৬৭<br>(৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত) | Depreciation ফান্ড নীতিমালা অনুযায়ী ফান্ডের টাকা খরচ করা হবে। |
| জেজিটিডিএসএল | ১১৩.৮৭<br>(২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী) | নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ডের অর্থ ব্যয় করা হচ্ছে। |
| পিজিসিএল | ১০০.৪০<br>(৩০/০৬/২০২৫ তারিখে) | "পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর অবচয় তহবিল-২০২০" নীতিমালা অনুযায়ী ফান্ডের অর্থ ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। |
| কেজিডিসিএল | ১৬৩.১৩<br>(৩১-০৫-২০২৫ তারিখ পর্যন্ত) | সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী জুন ২০২৪ পর্যন্ত Depreciation ফান্ডের স্থিতি ১৮২.৭১ কোটি টাকা। সার ও বিদ্যুৎ খাতে বকেয়ার পরিমাণ বৃদ্ধির কারণে কোম্পানিতে তারল্য সংকট থাকায় অবচয় তহবিলে স্থানান্তরযোগ্য অবশিষ্ট অর্থ বিনিয়োগ করা সম্ভব হয়নি। |
| এসজিসিএল | ২৭.৪৭ | পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী ডেপ্রিসিয়েশন ফান্ডের অর্থ পরিচালনা করা হচ্ছে। |
| আরপিজিসিএল | ৫৩.৪৫ | আরপিজিসিএল-এ বিদ্যমান ডেপ্রিসিয়েশন ফান্ড অনুমোদিত নীতিমালা অনুসারে পরিচালিত হয়। |
| বিসিএমসিএল | ১১১৪.৪৬ | বিধি মোতাবেক ডেপ্রিসিয়েশন ফান্ড পরিচালিত হচ্ছে। |
| এমজিএমসিএল | ৬.০৮ | নীতিমালা অনুযায়ী ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড ব্যবহার করা হচ্ছে। |

**সিদ্ধান্ত:**

(১) ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড বিধি মোতাবেক খরচ করা হচ্ছে কিনা তার তথ্য পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে।
(২) নীতিমালা অনুযায়ী ডেপ্রিসিয়েশন (Depreciation) ফান্ড ব্যবহার করতে হবে।

**কার্যব্যবস্থায়:**
পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.৩। **গ্যাস উন্নয়ন তহবিল (GDF), জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF), এবং পেট্রোবাংলার মার্জিন বাবদ বকেয়া অর্থ নিয়মিত পরিশোধ:**

সভায় গ্যাস উন্নয়ন তহবিল (GDF), জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF), এবং পেট্রোবাংলার মার্জিন বাবদ বকেয়া অর্থ নিয়মিত পরিশোধ- এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তুলে ধরা হয়, যা নিম্নরূপ

**গ্যাস উন্নয়ন তহবিল (GDF)**

(কোটি টাকা)

| ক্রমিক নং | কোম্পানির নাম | কোম্পানির হিসাব অনুযায়ী জিডিএফ বাবদ গত মাস পর্যন্ত বকেয়া (কোটি টাকা) | গত মাসে পরিশোধ ও বিল মাস (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | **টিজিটিডিপিএলসি** | ৭৭৬.৫০<br>(এপ্রিল-২৪ হতে এপ্রিল-২৫ মাস পর্যন্ত) | - | এপ্রিল-২৪ হতে জুন-২৪ পর্যন্ত ১৭৫.৮ কোটি টাকা পরিশোধের জন্য নথি প্রক্রিয়াধীণ রয়েছে। |
| ২। | **বিজিডিসিএল** | ৮৬.১৯<br>(মে-২৪ হতে মার্চ-২৫ মাস পর্যন্ত) | ৮.৫৮<br>(এপ্রিল-২৪ মাসের বিল বাবদ ৩০/০৬/২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে।) | এপ্রিল-২০২৪ মাস পর্যন্ত গ্যাস উন্নয়ন তহবিল এবং জ্বালানি নিরাপত্তা তহবিল এর অর্থ পেট্রোবাংলার অনুকূলে পরিশোধ করা হয়েছে। সার ও বিদ্যুৎ খাতের বিপরীতে এপ্রিল-২০২৫ পর্যন্ত ৪,২১৯.২৯ কোটি টাকার গ্যাসবিল বকেয়া থাকায় গ্যাস উন্নয়ন তহবিল এবং জ্বালানি নিরাপত্তা তহবিলের মে ২০২৪ হতে মার্চ ২০২৫ পর্যন্ত অর্থ পরিশোধ করা সম্ভব হয়নি। |
| ৩। | **জেজিটিডিএসএল** | - | - | জানুয়ারি,২৫ মাস পর্যন্ত বিল পরিশোধ |
| ৪। | **পিজিসিএল** | ২৪.৪৪ | - | গ্যাস উন্নয়ন তহবিল (GDF) বাবদ বকেয়া অর্থ অক্টোবর ২০২৪ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |
| ৫। | কেজিডিসিএল | ১৬৫.৬৬<br>(মে ২০২৫ পর্যন্ত সাময়িক হিসাব অনুযায়ী) | ৮.৮২<br>(২০-০৩-২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে)<br>বিল মাসঃ জানুয়ারি ২০২৪। | - |
| ৬। | এসজিসিএল | ১৫.৯৩ | - | - |

–

**জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF)**

(কোটি টাকা)

| ক্রমিক নং | কোম্পানির নাম | কোম্পানির হিসাব অনুযায়ী ইএসএফ বাবদ গত মাস পর্যন্ত বকেয়া (কোটি টাকা) | গত মাসে পরিশোধ ও বিল মাস (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | টিজিটিডিপিএলসি | ৭৯২.৯০<br>(এপ্রিল-২৪ হতে এপ্রিল-২৫ মাস পর্যন্ত) | - | এপ্রিল-২৪ হতে জুন-২৪ পর্যন্ত ১৮০.০০ কোটি টাকা পরিশোধের জন্য নথি প্রক্রিয়াধীণ রয়েছে। |
| ২। | **বিজিডিসিএল** | ৯৫.৯৬<br>(মে২৪ হতে মার্চ-২৫ মাস পর্যন্ত) | ৮.৯৭<br>(এপ্রিল-২৪ মাসের বিল বাবদ ৩০/০৬/২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে।) | |
| ৩। | **জেজিটিডিএসএল** | - | - | জানুয়ারি,২৫ মাস পর্যন্ত বিল পরিশোধ |
| ৪। | **পিজিসিএল** | ২৫.৯৯ | - | জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF) বাবদ বকেয়া অর্থ অক্টোবর ২০২৪ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |
| ৫। | কেজিডিসিএল | ১৪৮.৮৪<br>(মে ২০২৫ পর্যন্ত সাময়িক হিসাব অনুযায়ী) | ২০.৯২<br>(০৪-০৫-২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে)<br>বিল মাসঃ ফেব্রুয়ারি ২০২৪ হতে মার্চ ২০২৪ | - |
| ৬। | এসজিসিএল | ১৭.৭৩ | - | - |

**<u>PB (পেট্রোবাংলা) মার্জিন</u>**

(কোটি টাকা)

| ক্রমিক নং | কোম্পানির নাম | কোম্পানির হিসাব অনুযায়ী পিবি মার্জিন বাবদ গত মাস পর্যন্ত বকেয়া (কোটি টাকা) | গত মাসে পরিশোধ ও বিল মাস (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | টিজিটিডিপিএলসি | ৪৩.১<br>(নভেম্বর-২৪ হতে এপ্রিল-২৫ মাস পর্যন্ত) | ৯.৩<br>(নভেম্বর-২৪ মাসের বিল বাবদ পরিশোধ করা হয়েছে।) | |
| ২। | **বিজিডিসিএল** | ১১.০৬<br>(সেপ্টেম্বর-২৪ হতে মার্চ-২৫ মাস) | ১.৭৭<br>(আগস্ট-২৪ মাসের বিল বাবদ ৩০/০৬/২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে।) | |
| ০৩। | **জেজিটিডিএসএল** | - | ২.২৭ | ডিসেম্বর,২৪ মাস পর্যন্ত বিল পরিশোধ |
| ০৪। | **পিজিসিএল** | ৫.৮৫ | - | PB (পেট্রোবাংলা) মার্জিন বাবদ বকেয়া অর্থ অক্টোবর ২০২৪ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |
| ০৫। | কেজিডিসিএল | ১৪.৯২<br>(মে ২০২৫ পর্যন্ত সাময়িক হিসাব অনুযায়ী) | ৩.১২<br>(১৯-০৬-২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে)<br>৯.৪৬<br>(০৭-০৭-২০২৫ তারিখে পরিশোধ করা হয়েছে)<br>বিল মাস :<br>সেপ্টেম্বর ২০২৪ হতে এপ্রিল ২০২৫ পর্যন্ত | মে ২০২৫ পর্যন্ত বকেয়া ১৪.৯২ কোটি টাকা হতে ১৯-০৬-২০২৫ ও ০৭-০৭-২০২৫ তারিখে পেট্রোবাংলা (PB) মার্জিন বাবদ ৩.১২ কোটি ও ৯.৪৬ কোটি টাকা পরিশোধ করার পর অবশিষ্ট বকেয়া অর্থের পরিমাণ (১৪.৯২-৩.১২-৯.৪৬)=২.৩৩ কোটি টাকা। |
| ০৬। | এসজিসিএল | ৭.৯৯ | - | - |

সভাপতি বলেন যে, কোম্পানিগুলোকে গ্যাস উন্নয়ন তহবিল (GDF), জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF), এবং পেট্রোবাংলার মার্জিন বাবদ বকেয়া অর্থ নিয়মিত পরিশোধে সর্বোচ্চ সচেষ্ট থাকতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) গ্যাস উন্নয়ন তহবিল (GDF), জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF) এবং পেট্রোবাংলার মার্জিন বাবদ বকেয়া অর্থ বিতরণ কোম্পানিগুলোকে নিয়মিত

পরিশোধ করতে হবে।

(২) গ্যাস উন্নয়ন তহবিল (GDF), জ্বালানি নিরাপত্তা তহবিল (ESF) এবং পেট্রোবাংলার মার্জিন বাবদ বকেয়া অর্থ নিয়মিত পরিশোধের তথ্য নির্ভুলভাবে পেট্রোবাংলার সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।

সকল বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.৪। **বকেয়া বিল:**

সভায় বকেয়া গ্যাস বিল আদায়ের তথ্যাদি উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ:

**পেট্রোবাংলার আওতাধীন ৬ টি বিতরণ কোম্পানির**
**সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট গ্যাস বিক্রয়ের বকেয়া আদায় ও পাওনার বিবরণী**
**মাসের নামঃ মে ২০২৫**

(কোটি টাকা)

| ক্রমিক নম্বর | কোম্পানির নাম | আদায় (মে-২০২৫) | বকেয়ার পরিমাণ |
|---|---|---|---|
| ১ | তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ | ২৭৯১.৩০ | ১২,৭৪৩.৫৩ |
| ২ | জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিঃ | ৬৫৪.৫২ | ৩,৯৮৮.২৯ |
| ৩ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ | ৫০৯.৯৭ | ২,৯৩৪.৩৭ |
| ৪ | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ | ১৫৩.৪৪ | ১,৮৪১.৬৫ |
| ৫ | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ | ৮৫৬.৬৩ | ৪,১৩৮.১৭ |
| ৬ | সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ | ১২৯.৫০ | ১,৫৫২.৯৯ |
| | মোট | ৫০৯৫.৩৬ | ২৭,১৯৯.০০ |

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণি | পূর্ববর্তী মাস পর্যন্ত বকেয়া (এপ্রিল-২০২৫) | বর্তমান মাসের বিক্রয় (মে-২০২৫) | বর্তমান মাসের আদায় (মে-২০২৫) | অবশিষ্ট ৩০/০৬/২০২৫) | বকেয়া আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | | ৭ |
| ১ | সরকারি | | | | | |
| | ক) বিদ্যুৎ | 1,135,298.63 | 89,866.59 | 139,047.19 | 1,086,118.03 | 11.35% |
| | খ) ক্যাপটিভ পাওয়ার | 1,843.62 | 554.44 | 57.17 | 2,340.89 | 2.38% |
| | গ) সারকারখানা | 94,030.01 | 11,678.15 | 9,259.67 | 96,448.49 | 8.76% |
| | ঘ) শিল্প | 11,957.38 | 1,133.60 | 488.96 | 12,602.02 | 3.74% |
| | ঙ) বাণিজ্যিক | 899.77 | 14.31 | 4.88 | 909.20 | 0.53% |
| | চ) আবাসিক | 37,227.98 | 1,961.00 | 1,783.74 | 37,405.23 | 4.55% |
| | ছ) সিএনজি ফিড গ্যাস | 408.64 | 49.02 | 77.93 | 379.73 | 17.03% |
| | জ) চা-বাগান | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | |
| | মোট | **1,281,666.02** | **105,257.11** | **150,719.54** | **1,236,203.59** | **10.87%** |
| ২ | বেসরকারি | | | | | |
| | ক) বিদ্যুৎ | 697,490.53 | 99,812.29 | 70,405.40 | 726,897.42 | 8.83% |
| | খ) ক্যাপটিভ পাওয়ার | 165,173.60 | 104,532.51 | 99,172.27 | 170,533.84 | 36.77% |
| | গ) সারকারখানা | 91,528.18 | 12,033.36 | 0.00 | 103,561.54 | 0.00% |
| | ঘ) শিল্প | 198,598.26 | 112,946.49 | 106,969.46 | 204,575.30 | 34.34% |
| | ঙ) বাণিজ্যিক | 16,226.18 | 3,499.87 | 3,503.15 | 16,222.90 | 17.76% |
| | চ) আবাসিক | 210,270.66 | 37,840.98 | 35,597.73 | 212,513.91 | 14.35% |
| | ছ) সিএনজি ফিড গ্যাস | 51,121.68 | 39,777.07 | 43,055.69 | 47,843.06 | 47.37% |
| | জ) চা-বাগান | 315.69 | 239.21 | 116.03 | 438.87 | 20.91% |
| | ঝ) মৌসুমি | 967.91 | 141.96 | 0.00 | 1,109.88 | 0.00% |
| | মোট | **1,431,692.68** | **410,823.74** | **358,819.72** | **1,483,696.71** | **19.47%** |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩ | সর্বমোট (১+২) | **2,713,358.71** | **516,080.85** | **509,539.26** | **2,719,900.29** | **15.78%** |

পরিচালক (অর্থ) সভায় অবহিত করেন যে, বকেয়া গ্যাস বিল ধাপে ধাপে হ্রাস পাচ্ছে। তিনি জানান, মে ২০২৫ মাসে গ্যাস বিল বাবদ আদায় হয়েছে মোট ৫০৯৫ কোটি টাকা। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, দ্রুতই বকেয়ার পরিমাণ ১৫ হাজার কোটি টাকায় নেমে আসবে, যা গ্যাস খাতে আর্থিক স্বস্তি ও স্থিতিশীলতা নিয়ে তিনি আইপিপি এবং পিডিবি এর পাওয়ার প্ল্যান্ট সমূহের সাথে বকেয়া বিল আদায়ের বিষয়ে সার্বাক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখার জন্য সকল গ্যাস বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকদের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বকেয়া বিল আদায়ে সকলের কর্মতৎপরতা এবং সংশ্লিষ্ট সাফল্যের জন্য পরিচালক (অর্থ), পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপনা পরিচালকগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি বলেন যে, দ্রুত সকল বকেয়া আদায়ে সার কারখানা এবং বিদ্যুৎ বিভাগ সহ অন্যান্য সকল গ্রাহকদের সাথে যোগাযোগ এবং চাপ অব্যাহত রাখতে হবে। এছাড়া তিনি ২০২৪-২০২৫ অর্থবছরে পিডিবি তার আইপিপিগুলোকে কি পরিমাণ অর্থ পরিশোধ করেছে এবং সেখান থেকে আইপিপিগুলো সংস্থার কোম্পানিসমূহকে কি পরিমান বকেয়া বিলা পরিশোধ করেছে তার পূর্ণাঙ্গ হিসাবসহ একটি আলাদা সভা আয়োজনের জন্য পরিচালক (অর্থ)-কে নির্দেশনা দেন।
পরিচালক (অর্থ) বকেয়া গ্যাস বিল আদায় সংক্রান্ত তথ্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত নতুন ছকে সংস্থার হিসাব বিভাগে প্রেরণের জন্য সকল বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকগণের এবং প্রেরিত তথ্যের ভিত্তিতে হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ছক সভায় উপস্থাপনের জন্য পেট্রোবাংলার সচিব (উর্ধ্বতন মহাব্যবস্থাপক)-এর দৃষ্টি আকর্ষণ করেন।

<u>সিদ্ধান্ত:</u>
(১) দ্রুত বকেয়া বিল পরিশোধে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ এবং চাপ অব্যাহত রাখতে হবে।
(২) বকেয়া গ্যাস বিল আদায় সংক্রান্ত তথ্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত নতুন ছকে সংস্থার হিসাব বিভাগে প্রেরণ করতে হবে এবং প্রেরিত তথ্যের ভিত্তিতে হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ছক সভায় উপস্থাপন করতে হবে।
(৩) পরিচালক (অর্থ) ২০২৪-২০২৫ অর্থবছরে পিডিবি তার আইপিপিগুলোকে কি পরিমাণ অর্থ পরিশোধ করেছে এবং সেখান থেকে আইপিপিগুলো সংস্থার কোম্পানিসমূহকে কি পরিমান বকেয়া বিলা পরিশোধ করেছে তার পূর্ণাঙ্গ হিসাবসহ একটি আলাদা সভা আয়োজন করবেন।

<u>কার্যব্যবস্থায়:</u>
পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।
সকল বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.৫। **<u>নিরীক্ষা আপত্তি:</u>**

<u>পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানীসমূহের জুন-২০২৫ মাসের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ</u>

| ক্রমিক নং | দপ্তর/ সংস্থা/ কোম্পানীর নাম | ক্রমপুঞ্জিভূত আপত্তির সংখ্যা | আলোচ্য মাসে উত্থাপিত আপত্তির সংখ্যা | দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার জন্য অপেক্ষমান আপত্তির সংখ্যা | | প্রতিবেদন মাসে নিষ্পত্তি | | | দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অনুষ্ঠিত সভার পরিমাণ ও সভায় সুপারিশকৃত মোট আপত্তির সংখ্যা | | | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট অডিট আপত্তির জের | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | দ্বি-পক্ষীয় | ত্রি-পক্ষীয় | সাধারণ | অগ্রীম | রিপোর্টভুক্ত | দ্বি-পক্ষীয় সভা | ত্রি-পক্ষীয় সভা | সুপারিশকৃত মোট আপত্তির সংখ্যা | সাধারণ | অগ্রীম | সংকলন ভুক্ত | মোট |
| ১। | পেট্রোবাংলা | ৩৪৮ | ০ | ১৩ | ১৫ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ৫০ | ২৮৪ | ১২ | ৩৪৬ |
| ২। | তিতাস গ্যাস টিএন্ডডি কোম্পানী লিমিটেড | ৫৪১ | ০ | ১২ | ১২ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০ | ৫০ | ৪১০ | ৭৬ | ৫৩৬ |
| ৩। | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড | ৫০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫ | ৩১ | ১৪ | ৫০ |
| ৪। | বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোং লিমিটেড | ৯৯ | ০ | ২৩ | ৩১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১২ | ৫৬ | ৩১ | ৯৯ |
| ৫। | সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড | ১৮৫ | ০ | ০ | ১৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৬ | ১১৪ | ৫৫ | ১৮৫ |
| ৬। | জালালাবাদ গ্যাস টিএন্ডডি সিস্টেম লিমিটেড | ১১৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৭ | ৭৭ | ২১ | ১১৫ |
| ৭। | গ্যাস ট্রান্সমিশন কোং লিমিটেড | ১৩৬ | ০ | ১৮ | ১৬ | ০ | ০ | ০ | ০ | | ০ | ৩০ | ৮৫ | ২১ | ১৩৬ |
| ৮। | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোং লিমিটেড | ৮২ | ০ | ৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২২ | ৪২ | ১৮ | ৮২ |
| ৯। | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোং লিমিটেড | ২৯৪ | ০ | ১২ | ০ | ৬ | ৪ | ০ | ০ | ১ | ৭ | ৬৬ | ১৯৪ | ২৪ | ২৮৪ |
| ১০। | মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড | ৯১ | ০ | ০ | ০ | ১ | ১ | ০ | | ১ | ৭ | ৩২ | ৫০ | ৭ | ৮৯ |
| ১১। | পশ্চিমাঞ্চল গ্যাস কোং লিমিটেড | ২৭ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪ | ২১ | ২ | ২৭ |
| ১২। | বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিমিটেড | ৫৩ | ০ | ১১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১ | ৩৫ | ৭ | ৫৩ |
| ১৩। | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড | ৮৫ | ০ | ০ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ | ১৬ | ৬৩ | ২ | ৮১ |
| ১৪। | সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড | ২৩ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | | ১ | ৯ | ৫ | ১৭ | ০ | ২২ |
| ১৫। | জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্প | ৬৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৬ | ৪২ | ১ | ৬৯ |
| | সর্বমোট – | ২১৯৮ | ০ | ৯৭ | ৮৯ | ৮ | ১৬ | ০ | ০ | ৩ | ২৩ | ৩৬২ | ১৫২১ | ২৯১ | ২১৭৪ |

পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানীসমূহে জুন/২০২৫ মাসে মাসে অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার বিবরণী নিম্নে উল্লেখ করা হলো :

**<u>দ্বি-পক্ষীয় সভা:</u>** আলোচ্য মাসে কোনো দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়নি।

**<u>ত্রি-পক্ষীয়সভা:</u>** আলোচ্য মাসে তিনটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

- মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেডের এর অগ্রিম নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ১৯-০৬-২০২৫ তারিখে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৪ টি আপত্তির মধ্যে ০৭ টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে যার জড়িত অর্থের পরিমাণ ৫৭১৬ লক্ষ টাকা।
- বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স) এর অগ্রিম নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২৩-০৬-২০২৫ তারিখে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১২ টি আপত্তির মধ্যে ০৭ টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে যার জড়িত অর্থের পরিমাণ ৭৫৪.৭৮ লক্ষ টাকা।
- সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেডের এর অগ্রিম নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২৬-০৬-২০২৫ তারিখে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৭ টি আপত্তির মধ্যে ০৯ টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে যার জড়িত অর্থের পরিমাণ ১১,৯৩২.৯০ লক্ষ টাকা।

মহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় অবহিত করেন যে, জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্পের নিরীক্ষা আপত্তির তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে নিরীক্ষা বিভাগ ও মাইন অপারেশন বিভাগের প্রতিনিধি ০৯ জুলাই'২৫ প্রকল্প অফিস, জয়পুরহাট গমন করবে। প্রতিনিধিগণের সংগ্রহীত তথ্যাদির ভিত্তিতে আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন যে, গত মাসে মোট ২৪ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং সংস্থা ও ০৫টি কোম্পানির ন্যূনতম ১টি করে আপত্তি নিষ্পত্তি হয়েছে। গত মাসে ০৩টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয় এবং কোনো দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়নি।

সভাপতি বলেন যে, অডিট অফিসের নির্দেশনা অনুসরণ করে দ্রুত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজনের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। কোনো মাসেই নিষ্পত্তির সংখ্যা যেন শূন্য না থাকে এ বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে। জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্প এর ৬৯টি অডিট আপত্তির সার্বিক অবস্থা আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) অডিট অফিসের নির্দেশনা অনুসরণ করে দ্রুত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজনের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

(২) অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার পরিমাণ বাড়াতে হবে।

(৩) কোনো মাসেই নিষ্পত্তির সংখ্যা যেন শূন্য না থাকে এ বিষয়ে সকলকে সচেষ্ট থাকতে হবে।

(৪) জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্প এর ৬৯টি অডিট আপত্তির সার্বিক অবস্থা আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা।

মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), পেট্রোবাংলা।

৪.৬। **বিভাগীয় মামলা পরিচালনা:**

সভায় পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের বিভাগীয় মামলাসমূহের বিবরণী সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছক অনুযায়ী সভায় উপস্থাপন করা হয়:

| সংস্থা/কোম্পানি | বিগত মাসের জের | চলতি মাসে দায়ের | মোট | চলতি মাসে নিষ্পত্তি | মাস শেষে মোট পেন্ডিং |
|---|---|---|---|---|---|
| পেট্রোবাংলা | ০১ | ০০ | ০১ | ০০ | ০১ |
| বাপেক্স | - | - | - | - | - |
| বিজিএফসিএল | ০৯ | ০২ | ১১ | ০৪ | ০৭ |
| এসজিএফএল | - | - | - | - | - |
| জিটিসিএল | ০১ | - | ০১ | - | ০১ |
| টিজিটিডিপিএলসি | কর্মকর্তা ০৫<br>কর্মচারী ০৭ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০১ | কর্মকর্তা ০৫<br>কর্মচারী ০৮ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০১ | কর্মকর্তা ০৫<br>কর্মচারী ০৭ |
| বিজিডিসিএল | কর্মকর্তা ০২<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০২<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০২<br>কর্মচারী ০০ |
| জেজিটিডিএসএল | - | - | - | - | - |
| পিজিসিএল | - | - | - | - | - |
| কেজিডিসিএল | কর্মকর্তা ০৩<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০৩<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০০<br>কর্মচারী ০০ | কর্মকর্তা ০৩<br>কর্মচারী ০০ |
| এসজিসিএল | - | - | - | - | - |
| আরপিজিসিএল | ১ | - | ১ | - | ১ |
| বিসিএমসিএল | ০১ | - | ০১ | - | ০১ |
| এমজিএমসিএল | ১ | ১ | ২ | - | ২ |
| মোট | ৩১ | ৪ | ৩৫ | ০৫ | ৩০ |

বিভাগীয় মামলার বিষয়ে সভাপতি বলেন যে, বিভাগীয় মামলা পদ্ধতিগতভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। যদি বিভাগীয় মামলায় তদন্তের সময় প্রকৃত ত্রুটি খুঁজে পাওয়া যায় তাহলে তার বিচার নিশ্চিত করতে হবে এবং ত্রুটি খুঁজে না পাওয়া গেলে অযথা হয়রানি না করে দ্রুত মামলা থেকে অব্যাহতি দিতে হবে। বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট তদন্ত কমিটির সুপারিশ এবং অভিযুক্তের আত্মপক্ষ সমর্থনের শুনানির ভিত্তিতে প্রয়োজনীয় ক্ষেত্রে আইন অনুযায়ী পুনঃতদন্ত এর সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ নিবেন। এক্ষেত্রে শুধুমাত্র অভিযুক্তের আবেদনের প্রেক্ষিতে একাধিক পুনঃতদন্ত করা থেকে বিরত থাকতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(১) বিভাগীয় মামলা পদ্ধতিগতভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। যদি বিভাগীয় মামলায় তদন্তের সময় প্রকৃত ত্রুটি খুঁজে পাওয়া যায় তাহলে তার বিচার নিশ্চিত করতে হবে এবং ত্রুটি খুঁজে না পাওয়া গেলে অযথা হয়রানি না করে দ্রুত মামলা থেকে অব্যাহতি দিতে হবে।

(২) বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট তদন্ত কমিটির সুপারিশ এবং অভিযুক্তের আত্মপক্ষ সমর্থনের শুনানির ভিত্তিতে প্রয়োজনীয় ক্ষেত্রে আইন অনুযায়ী পুনঃতদন্ত এর সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ নিবেন এবং এক্ষেত্রে শুধুমাত্র অভিযুক্তের আবেদনের প্রেক্ষিতে একাধিক পুনঃতদন্ত করা থেকে বিরত থাকতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.৭। **অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে অভিযান:**

পেট্রোবাংলার আওতাধীন বিতরণ কোম্পানিসমূহের অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে পরিচালিত অভিযান জুন/২০২৫ মাসের তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ:

**১:**

**অবৈধ গ্যাস সংযোগ ও অবৈধ পাইপলাইন অপসারণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি (জুলাই, ২০২৫ (সময়: ১৩-০৭-২৫ তারিখ হতে ১৯-০৭-২০২৫ তারিখ পর্যন্ত।))**

**নিম্নরূপঃ**

| কোম্পানির নাম | জুলাই'২৫ মাসের ৩য় সপ্তাহে অবৈধ সংযোগ ও পাইপলাইন উচ্ছেদ/অপসারণ<br>সময়: ১৩-০৭-২৫ তারিখ হতে ১৯-০৭-২০২৫ তারিখ পর্যন্ত | | | | | | | ০১-০৭-২৪ হতে ক্রমপুঞ্জিভুত অবৈধ সংযোগ ও পাইপলাইন উচ্ছেদ/অপসারণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গৃহস্থালি বার্নার সংখ্যা | অন্যান্য সংযোগ সংখ্যা | অস্থায়ী বিচ্ছিন্ন সংযোগ সংখ্যা (TDC) | স্থায়ী বিচ্ছিন্ন সংযোগ সংখ্যা (PDC) | দৈর্ঘ্য (কি.মি.) | ঘন্টা প্রতি লোড (ঘন ফুট) | দৈনিক লোড (ঘন ফুট) | গৃহস্থালি বার্নার সংখ্যা | অন্যান্য সংযোগ সংখ্যা | দৈর্ঘ্য (কি.মি.) | দৈনিক ভিত্তিতে গ্যাস সাশ্রয় (এমএমসিএফডি) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| **টিজিটিডিপিএলসি** | ৬৩৭৪ | ২৫ | ৬ | ৩২৪৪ | ৫.০০ | ১৬৩৩৫৪ | ১৪২৪৮৩২ | ১১৪৫৩০ | ৫৬৪ | ২২৫.০০ | ২৮.৮২৫০ |
| **বিজিডিসিএল** | ৩০৪ | ০ | ৬৫ | ৭৯ | ০.০৫ | ৬৩৮৪ | ৫১০৭২ | ৮৩০৪ | ৪৫ | ২৬.৫৯ | ১.৮৯৩৫ |
| **কেজিডিসিএল** | ৬ | ৫ | ৫ | ০ | ০.০০ | ১৩৬৬ | ১৭৪১০ | ৪৭৮ | ১৯৫ | ০.০০ | ২.০৪১২ |
| **জেজিটিডিএসএল** | ২ | ০ | ২ | ০ | ০.০০ | ৪২ | ৩৩৬ | ১৫৫ | ০ | ০.০০ | ০.২৪৬৩ |
| **পিজিসিএল** | ৫ | ০ | ১ | ০ | ০.০০ | ১০৫ | ৮৪০ | ১৬৯ | ১ | ০.০০ | ০.০৪৭৬ |
| এসজিসিএল | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০০০ |
| **মোট** | **৬৬৯১** | **৩০** | **৭৯** | **৩৩২৩** | **৫.০৫** | **১৭১২৫১** | **১৪৯৪৪৯০** | **১২৩৬৩৬** | **৮০৫** | **২৫১.৫৯** | **৩৩.০৫৩৬** |

_

**<u>০২:</u>**

| কোম্পানির নাম | অগ্রগতি ও বাস্তবায়ন |
|---|---|
| **টিজিটিডিপিএলসি** | (৩) অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। জুন'২০২৫ মাসে পরিচালিত অভিযানের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তি প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযানে ২টি মামলা, ০৩টি এফআইআর দায়েরসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একজন কর্মচারীকে ০৭(সাত) বিনাশ্রম কারাদন্ডসহ সর্বসাকুল্যে ১৮,৭৩,০০০/- জরিমানা আদায় করা হয়েছে।<br>(৪) কোনো এলাকায় অবৈধ সংযোগ পুনঃস্থাপন হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৫) অবৈধ/নিয়ম বহি:ভূত কাজের জন্য গত ডিসেম্বর ২০২৪ মাসে ০১ টিসহ মোট ০৩টি ১.৩ ক্যাটাগরি ও ৬৪টি ১.১/১.২ ক্যাটাগরির ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করা হয়েছে ।<br>(৬) উচ্ছেদকৃত অবৈধ সংযোগ যাতে করে পুনস্থাপিত না হতে পারে সে বিষয়ে নিবীড়ভাবে তদারকির জন্য কর্মকর্তাদেরকে নির্দিষ্ট এলাকা ভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে দায়ী ব্যাক্তি/প্রতিষ্ঠান চিহ্নিত হলে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলায় প্রেরণ করা হবে।<br>(৭) অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান ৩১/০৫/২০২৫ তারিখ গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা এলাকা, ০৪/০৭/২০২৫ তারিখে শেরপুর জেলা এবং ০৫/০৭/২০২৫ জামালপুর জেলার বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেন। এছাড়াও গত ২১/০৬/২০২৫ তারিখ শনিবার প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব ও তিতাস বোর্ড চেয়ারম্যান জনাব সাইফুল্লাহ পান্না, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, পেট্রোবাংলার চেয়ারম্যান জনাব মো. রেজানুর রহমান রুপগঞ্জ, সোনারগাঁও ও নারায়ণগঞ্জ এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালীন কোম্পানির মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত ছিলেন।<br>(৮) অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযানের তথ্য ইলেকট্রনিক মিডিয়া, প্রিন্ট মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে।<br>(৯) ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। জুন'২০২৫ মাসে ৯৯ টি স্পটে ২৯টি অভিযান পরিচালনা করা হয়েছে। উক্ত অভিযানে ২টি মামলা ও ০৩টি এফআইআর দায়েরসহ সর্বসাকুল্যে ১৮,৭৩,০০০/- জরিমানা আদায় করা হয়েছে। এতদসংক্রান্ত প্রতিবেদন সংযুক্ত।<br>(১০) কোম্পানির চলমান মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে ০ত ২৪/০৬/২০২৫ তারিখে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |

| | |
|---|---|
| **বিজিডিসিএল** | ৩। উচ্ছেদকৃত অবৈধ সংযোগ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে জুন, ২০২৫ পর্যন্ত বিভিন্ন আদালতে বিজিডিসিএল এর ৩২৭টি মামলা চলমান রয়েছে। এছাড়াও অবৈধভাবে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে জরিমানাসহ ধার্যকৃত গ্যাস বিল আদায়ের জন্য মানি মামলা দায়ের করা হয়েছে।<br>৪। কোনো এলাকায় অবৈধ সংযোগ পুণঃস্থাপনের সাথে কোনো কর্মকর্তার সংশ্লিষ্টতা পাওয়া গেলে সে সকল দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।<br>৫। অবৈধ গ্যাস সংযোগের সাথে জড়িত তালিকাভুক্ত ঠিকাদারের বিরুদ্ধে ঠিকাদার তালিকাভূক্তি তফসিলের প্রযোজ্য ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>বিজিডিসিএল কর্তৃক ঠিকাদার তালিকাভূক্তি তফসিলের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী বর্তমানে ০৭ (সাত) টি ঠিকাদারি প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করা হয়েছে, ০৪ (চার) টি ঠিকাদারি প্রতিষ্টানের লাইসেন্স বাতিল করা হয়েছে এবং অভিযোগের পরিপ্রেক্ষিতে ৪১ (একচল্লিশ) টি ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে তদন্ত চলমান রয়েছে। কালো তালিকাভূক্ত ও বাতিলকৃত এ সমস্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের তালিকা কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে এবং সময়ে সময়ে আপডেট করা হচ্ছে।<br>৬। অবৈধ সংযোগ পুনঃস্থাপন এর ক্ষেত্রে ঠিকাদারদের চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজিডিসিএল হতে প্রয়োজনীয় ক্ষেত্রে (১.৩ ও ১.৪ ক্যাটাগরির ঠিকাদারদের জন্য) পেট্রোবাংলাকে অবহিত করে পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৭। সিস্টেম লস হ্রাসকল্পে গ্যাসের অবৈধ ব্যবহার হতে জনগণকে নিবৃত্ত করার লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, জেলা/ উপজেলা প্রশাসন, পুলিশ/আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনী, সমাজপতি ও গ্রাহক/ গ্যাস ব্যবহারকারীদের সমন্বয়ে সিডিউল অনুযায়ী ২২/০৭/২০২৫, ০৫/০৮/২০২৫, ১২/০৮/২০২৫, ২৬/০৮/২০২৫, ০৯/০৯/২০২৫, ২৪/০৯/২০২৫ ও ০৮/১০/২০২৫ তারিখে যথাক্রমে চাঁদপুর, আশুগঞ্জ, লক্ষীপুর, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, নোয়াখালী ও কুমিল্লা অঞ্চলে অংশীজন সভা অনুষ্ঠিত হবে<br>৮। কোম্পানির সকল ইতিবাচক এবং গুরুত্বপূর্ণ কার্যক্রম, উদ্ভাবনী কর্মকান্ড, গ্রাহক সেবা সংক্রান্ত এবং অবৈধ গ্যাস ব্যবহার রোধে চলমান কার্যক্রমসমূহ নিয়মিতভাবে কোম্পানির সোস্যাল মিডিয়া তথা ফেসবুক ও ওয়েবসাইটে প্রচার করা হচ্ছে। জনগণকে অবৈধ পাইপলাইন স্থাপন এবং অবৈধ গ্যাস ব্যবহারে নিরুৎসাহিত করতে সচেতনতামূলক তথ্যাদি ফেসবুকে প্রচার অব্যাহত রয়েছে।<br>৯। পেট্রোবাংলা/কোম্পানিসমূহের জন্য নিয়োগপ্রাপ্ত ও ম্যাজিস্ট্রেসি পাওয়ারপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্টেটদের যথাযথ ব্যবহারের মাধ্যমে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান নিয়মিত পরিচালনা করা হচ্ছে। |
| **জেজিটিডিএসএল** | (৩) অত্র কোম্পানিতে কোন অবৈধ সংযোগ পাওয়া যায়নি বিধায় উচ্ছেদের প্রয়োজন হয়নি।<br>(৪) অত্র কোম্পানিতে কোন অবৈধ সংযোগ নেই বিধায় পুনঃস্থাপন এর সুযোগ নেই।<br>(৫) অত্র কোম্পানিতে কোন অবৈধ সংযোগ নেই বিধায় কোনো ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়নি।<br>(৬) জেজিটিডিএসএল-এর অধিভুক্ত এলাকায় অবৈধ সংযোগের সাথে কোন কর্মকর্তা/ঠিকাদার জড়িত থাকার প্রমাণ না পাওয়ায় তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়নি।<br>(৮) অবৈধ সংযোগ উচ্ছেদ হলে সেক্ষেত্রে নির্দেশনা মোতাবেক অভিযানের তথ্য নিয়মিতভাবে মিডিয়ায় প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৯) অবৈধ সংযোগ পাওয়া গেলে পেট্রোবাংলার ম্যাজিস্ট্রেসি পাওয়ারপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনায় সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হবে। |
| **পিজিসিএল** | ৩। পিজিসিএল-এর বিতরণভুক্ত এলাকায় কোন অবৈধ গ্যাস সংযোগ বা অবৈধভাবে স্থাপিত পাইপলাইনের অস্তিত্ব পাওয়া যায় নাই। তবে নিয়মিত পরিদর্শনকালে বৈধ গ্রাহক কর্তৃক অবৈধভাবে গ্যাস ব্যবহারের প্রমাণ পাওয়া গেলে তাঁদের সংযোগ বিচ্ছিন্নসহ সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ গ্যাস আইন, ২০১০ অনুযায়ী মামলা দায়ের এবং গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪ অনুযায়ী অবৈধভাবে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে ধার্যকৃত গ্যাস বিল ও জরিমানা আদায় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>৪। নির্দেশনার আলোকে নিয়মানুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৫। পিজিসিএল-এর বিতরণভুক্ত এলাকায় কোন অবৈধ গ্যাস সংযোগ বা অবৈধভাবে স্থাপিত পাইপলাইনের অস্তিত্ব পাওয়া যায় নাই। ভবিষ্যতে অবৈধ গ্যাস সংযোগ বা অবৈধভাবে স্থাপিত পাইপলাইনের অস্তিত্ব পাওয়া গেলে এর ক্ষেত্রে কোনো ঠিকাদার জড়িত থাকলে তার লাইসেন্স বাতিলসহ তার বিরুদ্ধে নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>৬। নির্দেশনার আলোকে নিয়মানুযায়ী কোম্পানি হতে প্রয়োজনীয় ক্ষেত্রে পেট্রোবাংলাকে অবহিত করে পত্র প্রেরণ করা হবে।<br>৮। নির্দেশনার আলোকে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযানের তথ্য সকল মাধ্যমে নিয়মিতভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। |

| | |
|---|---|
| কেজিডিসিএল | ৩। উচ্ছেদকৃত অবৈধ গ্যাস সংযোগ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এছাড়াও গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ অনুযায়ী পাওনাদি আদায় করা হয়।<br>৪। অবৈধ গ্যাস সংযোগ পুনঃস্থাপন হলে অভিযোগের সত্যতা যাচাইপূর্বক তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>৫। অবৈধ গ্যাস সংযোগ এর ক্ষেত্রে কোন ঠিকাদার জড়িত থাকলে যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট দায়ী ঠিকাদার/প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>৬। অবৈধ সংযোগ পুনঃস্থাপনের ক্ষেত্রে কোন কর্মকর্তা জড়িত থাকলে যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>অবৈধ সংযোগ পুনঃস্থাপনে কোন ঠিকাদার জড়িত থাকলে যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট দায়ী প্রতিষ্ঠান/ঠিকাদারের বিরুদ্ধে লাইসেন্স বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।<br>৭। কেজিডিসিএল-এর আওতাধীন বড় শিল্প গ্রাহকদের সমন্বয়ে অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে সচেতনতামূলক সমাবেশ আয়োজনের বিষয়টি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>৮। কেজিডিসিএল-এর আওতাধীন বড় শিল্প গ্রাহকদের সমন্বয়ে অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে সচেতনতামূলক সমাবেশ আয়োজনের বিষয়টি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>৯। বর্তমানে কোম্পানিতে নিয়োগ প্রাপ্ত  এবং ম্যাজিস্ট্রেসি পাওয়ার প্রাপ্ত কোনো নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযুক্ত নেই। তবে নির্দেশনার আলোকে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনার ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর নির্বাহী ম্যাজিস্ট্রেটের চাহিদাপত্র দাখিল করে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কেজিডিসিএল এর চাহিদার আলোকে নির্বাহী ম্যাজিস্ট্রেট মনোনয়ন দিয়ে থাকেন। এ প্রক্রিয়ায় অবৈধ সংযোগ উচ্ছেদ অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতি নিশ্চিত করা হয় এবং সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অভিযান পরিচালনা করা হচ্ছে। |
| এসজিসিএল | ৩। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৪,৫। সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর আঞ্চলিক বিপণন কার্যালয় ভোলা এবং কুষ্টিয়ায় অদ্যাবধি অবৈধ গ্যাস পাইপলাইনের মাধ্যমে অবৈধ কোনো গ্যাস সংযোগ সনাক্ত করা যায়নি। তবে ভবিষ্যতে অবৈধ সংযোগ পুনঃস্থাপন এর ক্ষেত্রে কোনো কর্মকর্তা জড়িত থাকলে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৬,৮। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। |

সভাপতি বলেন যে, পেট্রো সেক্টরের এক নম্বর প্রায়োরিটি হলো জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণ এবং দ্বিতীয়টি হলো অবৈধ সংযোগ উচ্ছেদ যেটি সিস্টেম লসকে হ্রাস করবে। সকল বিতরণ কোম্পানিকে নিয়মিত অবৈধ গ্যাস সংযোগের বিষয়ে কঠোর অবস্থান নিয়ে বিচ্ছিন্নকরণ অভিযান, অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের পর পুনঃরায় অবৈধ সংযোগ গ্রহণের চেষ্টা প্রতিহত করতে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা, জরিমানা আদায় ও অপরাধীদের শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে। সংস্থার উৎপাদন ও বিপণন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ/উচ্ছেদকরণ এবং অবৈধ পাইপলাইন অপসারণ কার্যক্রম সংক্রান্ত  প্রতিবেদন উপর্যুক্ত ছকে সভায় উপস্থাপন করতে হবে।  তিনি উচ্ছেদকৃত অবৈধ সংযোগ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের এবং গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী অবৈধভাবে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে ধার্যকৃত গ্যাস বিল আদায় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। তিনি বলনে যে, কোনো এলাকায় অবৈধ সংযোগ পুনঃস্থাপন হলে সংশ্লিষ্ট সকল দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অবৈধ সংযোগ এর ক্ষেত্রে কোনো ঠিকাদার জড়িত থাকলে তার লাইসেন্স বাতিলসহ  তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অবৈধ সংযোগ পুনঃস্থাপন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা এবং ঠিকাদারদের চিহ্নিত করে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কোম্পানি হতে প্রয়োজনীয় ক্ষেত্রে পেট্রোবাংলাকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। সভাপতি টিজিটিডিপিএলসি, বিজিডিসিএল ও কেজিডিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ-কে স্ব-স্ব কোম্পানির বড় শিল্প গ্রাহকদের সমন্বয়ে অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে সচেতনতামূলক সমাবেশ আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযানের তথ্য ছবিসহ সকল মাধ্যমে নিয়মিতভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন। সভাপতি বলেন যে, পেট্রোবাংলা/কোম্পানিসমূহের জন্য নিয়োগপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের ম্যাজিস্ট্রেসি পাওয়ার প্রদান করা হয়েছে, তাদের যথাযথ ব্যবহারের মাধ্যমে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনায় সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল সভায় উল্লেখ করেন যে, গ্যাস বিতরণ কোম্পানিসমূহের আওতাধীন এলাকায় অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত মামলার সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে একাধিক মামলায় বাদী হিসেবে দায়িত্ব পালন করতে হওয়ায় তাদের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি আরও বলেন, উক্ত মামলাসমূহের দুত নিষ্পত্তি ও কার্যকর রায় বাস্তবায়নের লক্ষ্যে সরকারের আইন মন্ত্রণালয় অথবা অ্যাটর্নি জেনারেলের কার্যালয় থেকে বিশেষ নির্দেশনা জারি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে পরিস্থিতির উন্নতি সাধিত হবে।
সভাপতি এ বিষয়ে জ্বালানি বিভাগের মাধ্যমে আইন মন্ত্রণালয় অথবা অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ে যোগাযোগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত:**

(১) সকল বিতরণ কোম্পানিকে নিয়মিত অবৈধ গ্যাস সংযোগের বিষয়ে কঠোর অবস্থান নিয়ে বিচ্ছিন্নকরণ অভিযান, অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের পর পুনঃরায় অবৈধ সংযোগ গ্রহণের চেষ্টা প্রতিহত করতে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা, জরিমানা আদায় ও অপরাধীদের শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) সংস্থার উৎপাদন ও বিপণন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ/উচ্ছেদকরণ এবং অবৈধ পাইপলাইন অপসারণ কার্যক্রম সংক্রান্ত

প্রতিবেদন উপর্যুক্ত ছকে সভায় উপস্থাপন করতে হবে।

(৩) উচ্ছেদকৃত অবৈধ সংযোগ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের এবং গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী অবৈধভাবে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে ধার্যকৃত গ্যাস বিল আদায় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৪) কোনো এলাকায় অবৈধ সংযোগ পুনঃস্থাপন হলে সংশ্লিষ্ট সকল দায়ী কর্মক র্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৫) অবৈধ সংযোগ এর ক্ষেত্রে কোনো ঠিকাদার জড়িত থাকলে তার লাইসেন্স বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৬) অবৈধ সংযোগ পুনঃস্থাপন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা এবং ঠিকাদারদের চিহ্নিত করে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কোম্পানি হতে প্রয়োজনীয় ক্ষেত্রে পেট্রোবাংলাকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে।

(৭) টিজিটিডিপিএলসি, বিজিডিসিএল ও কেজিডিসিএল-এর স্ব-স্ব কোম্পানির বড় শিল্প গ্রাহকদের সমন্বয়ে অবৈধ গ্যাস সংযোগের বিরুদ্ধে সচেতনতামূলক সমাবেশ আয়োজন করতে হবে।

(৮) অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযানের তথ্য ছবিসহ সকল মাধ্যমে নিয়মিতভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৯) পেট্রোবাংলা/কোম্পানিসমূহের জন্য নিয়োগপ্রাপ্ত ও ম্যাজিস্ট্রেসি পাওয়ারপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের যথাযথ ব্যবহারের মাধ্যমে অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত অভিযান পরিচালনায় সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

(১০) গ্যাস বিতরণ কোম্পানিসমূহের অবৈধ সংযোগ উচ্ছেদ সংক্রান্ত মামলাসমূহের দ্রুত নিষ্পত্তি ও কার্যকর রায় বাস্তবায়নের লক্ষ্যে সরকারের আইন মন্ত্রণালয় অথবা অ্যাটর্নি জেনারেলের কার্যালয় থেকে বিশেষ নির্দেশনা জারি করার জন্য জ্বালানি বিভাগের মাধ্যমে আইন মন্ত্রণালয় অথবা অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ে যোগাযোগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।
সকল বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।
মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা।

## ৪.৮। **সিস্টেম লস:**

**বাস্তবায়ন অগ্রগতিঃ**

**গ্যাস সঞ্চালন ও বিতরণ কোম্পানি ভিত্তিক সিস্টেম লস (%) হ্রাসকরণের রোড ম্যাপ ও বাস্তবায়ন অগ্রগতি ( মে'২৫)**

| কোম্পানির নাম | লক্ষ্যমাত্রা/ অর্জন | রোডম্যাপ | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ফেব্রুয়ারি'২৫ | মার্চ'২৫ | এপ্রিল'২৫ | মে'২৫ | জুন'২৫ | জুলাই'২৫ | আগস্ট'২৫ | সেপ্টেম্বর'২৫ | অক্টোবর'২৫ | নভেম্বর' ২৫ | ডিসেম্বর' ২৫ | জানুয়ারি'২৬ | জুন' ২৬ |
| জিটিসিএল | লক্ষ্যমাত্রা | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | ১.৪৫ | ১.৪০ | ১.৩৫ | ১.৩০ | ১.০০ |
| | অর্জন | ১.১৬ | ১.৩৬ | ১.৮৮ | ১.৭৯ | - | - | - | - | - | - | - | - | - |
| তিতাস গ্যাস | লক্ষ্যমাত্রা | ৯.২০ | ৮.৫০ | ৮.০০ | ৭.৮০ | ৭.৫০ | ৭.২০ | ৬.৮০ | ৬.৫০ | ৬.২০ | ৬.০০ | ৬.০০ | ৫.৫০ | ৫.০০ |
| | অর্জন | ৯.২১ | ৭.৮১ | ৭.৭০ | ৭.৫০ | - | - | - | - | - | - | - | - | - |
| ব◌াখরাবাদ গ্যাস | লক্ষ্যমাত্রা | ১১.৫০ | ৯.৪৫ | ৯.৪০ | ৯.২৫ | ৯.০০ | ৮.৭৫ | ৮.৫০ | ৮.০০ | ৭.৫০ | ৭.০০ | ৬.০০ | ৫.০০ | ৫.০০ |
| | অর্জন | ৯.৪৭ | ১০.২৮ | ৮.৭০ | ৬.৯৭ | - | - | - | - | - | - | - | - | - |
| কর্ণফুলী গ্যাস | লক্ষ্যমাত্রা | ৪.৩৬ | ৪.১১ | ৩.৮৭ | ৩.৬৪ | ৩.৪১ | ৩.১৭ | ২.৯৪ | ২.৭০ | ২.৪৭ | ২.২৩ | ২.০০ | ২.০০ | ১.৭৫ |
| | অর্জন | ২.৫৫ | ২.৭৪ | ২.৯০ | ২.৯০ | - | - | - | - | - | - | - | - | - |
| জালালাবাদ গ্যাস | লক্ষ্যমাত্রা | ১.৩০ | ০.৯৫ | ০.৭৫ | ০.৬০ | ০.৬০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৬০ | ০.৬০ | ০.৬০ | ০.৫০ | ০.৪৮ |
| | অর্জন | ১.২৯ | ০.৮৯ | ০.৭২ | ০.৯২ | - | - | - | - | - | - | - | - | - |
| পশ্চিমাঞ্চল গ্যাস | লক্ষ্যমাত্রা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | অর্জন | (১.৩৯) | (১.৩৪) | (১.৫৭) | (১.৬২) | - | - | - | - | - | - | - | - | - |
| সুন্দরবন গ্যাস | লক্ষ্যমাত্রা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | অর্জন | (১.৪৫) | (১.০৯) | (২.৬৪) | (১.৪৬) | - | - | - | - | - | - | - | - | - |

পরিচালক (অপারেশন অ্যান্ড মাইনস) সভায় জানান যে , সিস্টেম লস (%) হ্রাসকরণ রোডম্যাপ অনুযায়ী অল্প কিছু ব্যতিক্রম ছাড়া অধিকাংশ মাসেই সমস্ত কোম্পানি নির্ধারিত টার্গেট পূরণ করেছে। এ প্রেক্ষিতে সভাপতি, টার্গেট পূরণকারী কোম্পানিসমূহকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি বলেন যে, সিস্টেম লসের সাথে গ্যাস লিকেজ, ছিদ্র জরিপ, মিটারিং ব্যবস্থাপনা এবং অবৈধ গ্যাস সংযোগ তদারকি ও বিচ্ছিন্নকরণ জড়িত। এই বিষয়গুলো নিয়ে ব্যাপকভাবে কাজ চলমান রাখতে হবে। চলতি বছরের মধ্যে আবশ্যিকভাবে টার্গেট অনুযায়ী স্ব-স্ব কোম্পানির সিস্টেম লস ৫০% কমাতে হবে। প্রণীত রোডম্যাপের টার্গেট অনুযায়ী টার্গেট পূর্ণ না হলে তার বিস্তারিত কারণসমূহ সিস্টেম লস সংক্রান্ত সভায় উপস্থাপন করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। তিনি আরও বলেন যে, পরবর্তী সময়ে সকল ধরনের ফ্যাসিলিটি প্রদানের ক্ষেত্রে সিস্টেম লস হ্রাসের বিষয়টি একটি প্রধান ফ্যাক্টর হিসেবে বিবেচিত হবে এবং এ বিষয়ে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সর্বোচ্চ সচেতনার সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত:**

(১) চলতি বছরের মধ্যে আবশ্যিকভাবে টার্গেট অনুযায়ী স্ব-স্ব কোম্পানির সিস্টেম লস ৫০% কমাতে হবে।

(২) প্রণীত রোডম্যাপের টার্গেট অনুযায়ী টার্গেট পূর্ণ না হলে তার বিস্তারিত কারণসমূহ সিস্টেম লস সংক্রান্ত সভায় উপস্থাপন করতে হবে।

(৩) সিস্টেম লস/পার্থক্য এর তথ্য প্রণীত রোডম্যাপের টার্গেট অনুযায়ী উপর্যুক্ত ছকে উপস্থাপন করতে হবে

(৪) পরবর্তী সময়ে সকল ধরনের ফ্যাসিলিটি প্রদানের ক্ষেত্রে সিস্টেম লস হ্রাসের বিষয়টি একটি প্রধান ফ্যাক্টর হিসেবে বিবেচিত হবে এবং এ বিষয়ে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সর্বোচ্চ সচেতনার সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।

ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল।

সকল বিতরণ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.৯। **অবৈধ সংযোগ পুনঃস্থাপন রোধ সংশ্লিষ্ট গঠিত ০৭টি ভিজিলেন্স টিমের ফাইন্ডিংস এবং অনলাইন মনিটরিং সিস্টেম সংক্রান্তঃ**

**পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ০৭টি ভিজিলেন্স টিমের সুপারিশ সংক্রান্ত**

| টিম | দায়িত্বপ্রাপ্ত এলাকা | পরিদর্শনের তারিখ | সুপারিশ |
|---|---|---|---|
| ৬ | বিজিডিসিএল | ১২-০৪-২০২৫<br>১৩-০৪-২০২৫ | **১ম ভিজিটের সুপারিশসমূহ**<br>১। বিজিডিসিএল এর ভিজিলেন্স টিম-এর জনবল বৃদ্ধির মাধ্যমে নিয়মিত ভিত্তিতে বিচ্ছিন্নকৃত অবৈধ গ্যাস সংযোগের এলাকাসমূহ পরিদর্শন করা যেতে পারে।<br><br>২। বানিজ্যিক ও শিল্প গ্রাহকদের গ্যাস চুরি রোধে নিয়মিত ভিত্তিতে মিটারসমূহ পরিদর্শ করা যেতে পারে। |
| | | ১৩-০৫-২০২৫<br>১৪-০৫-২০২৫<br>০১-০৬-২০২৫<br>০২-০৬-২০২৫ | **২য় ও ৩য় ভিজিটের সুপারিশসমূহ**<br>১। বিজিডিসিএল-কে সকল পর্যায়ের গ্রাহকের সমুদয় বকেয়া বিল দ্রুততার ভিত্তিতে আদায় করার জন্য আহ্বান করা যেতে পারে।<br><br>২। পেট্রোবাংলা ভিজিলেন্স টিম-এর উপস্থিতিতে বিজিডিসিএল এর আওতাধীন ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লা বিতরণ এলাকায় যে সকল গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে তা বিজিডিসিএল এর ভিজিলেন্স টিম কর্তৃক পুনরায় পরিদর্শন করা যেতে পারে।<br><br>৩। বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগের নেটওয়ার্কে কোনো বৈধ গ্যাস সংযোগ থাকলে তা দ্রুততার ভিত্তিতে পুনঃসংযোগ প্রদানের নির্দেশনা প্রদান করা যেতে পারে।<br><br>৪। বৈধ ও অবৈধ গ্যাসলাইন সঠিকভাবে নিরূপণে গ্যাস বিতরণ নেটওয়ার্কের ডিজিটাল ম্যাপ তৈরী করা যেতে পারে।<br><br>৫। সিস্টেম লস নিরসনে চাহিদা অনুযায়ী একাধিক ভিজিলেন্স টিম গঠন করে একই সময়ে অবৈধ সংযোগ বিচ্ছিন্নের জন্য ভিজিলেন্স কার্যক্রমের ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করা যেতে পারে। |
| ৩ | টিজিটিডিপিএলসি এর আবিডি নারায়ণগঞ্জ | ২২ ও ২৯ এপ্রিল ২০২৫ | ১। আবিবি (নারায়ণগঞ্জ)-এর জোবিঅ- রূপগঞ্জ অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শনকালে অবৈধ সার্ভিস লাইন নির্মান করে গ্যাস ব্যবহারের জন্য বিচ্ছিন্নকৃত নিউ আল-মদিনা ব্রেড এন্ড বিস্কুট বেকারিতে পুনরায় অবৈধ সংযোগ পাওয়ায় এপ্রিল'২৫ মাসে সোর্স পয়েন্ট থেকে কিলিং/ ক্যাপিং করা হয়েছে। ইতোঃপূর্বে এখানে ফেব্রুয়ারি'২৫ ও মার্চ'২৫ মাসে আরও দুইবার মোবাইল কোর্ট পরিচালনা করে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন ও জরিমানা আদায় করা হয়। এধরণের অবৈধ গ্যাস ব্যবহারের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্ন ও উচ্ছেদ পরবর্তী পুনরায় সংযোগ স্থাপন রোধে ভিজিলেন্স টিমের পাশাপাশি মোবাইল কোর্টের কার্যক্রম আরও বৃদ্ধি করার পাশাপাশি প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থা ও স্থানীয় প্রশাসনকে ভিজিলেন্স টিমের সাথে যুক্ত করা প্রয়োজন।<br><br>২। আবিবি (নারায়ণগঞ্জ)-এর জোবিঅ- এনায়েতনগর- কাশিপুর অন্তর্ভুক্ত এলাকা পরিদর্শনকালে দুইটি আবাসিক সংযোগে রাইজারের পর হতে গ্রাহক অংশে জিআই পাইপের পরিবর্তে হোস পাইপের সংযোগ পাওয়া যায় যা অত্যন্ত ঝুকিপূর্ণ এবং গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ (গৃহস্থালী গ্রাহকের জন্য)-এর ব্যত্যয় ঘটায় । একই সাথে এধরণের সংযোগ হতে নানাবিধ উপায়ে অবৈধ সংযোগ গ্রহণের আশংকাসহ মারাত্মক দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। তদপ্রেক্ষিতে এধরণের সকল সংযোগ যথাযথভাবে মনিটরিং করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br><br>৩। আবিবি (নারায়ণগঞ্জ)-এর জোবিঅ- এনায়েতনগর- কাশিপুর অন্তর্ভুক্ত এলাকার ক্রোনি এপারেলস লিঃ কারখানায় পুনরায় অভিযান চালিয়ে বয়লার ও জেনারেটরে গ্যাস সংযোগের পাইপের লোকেশনসহ অবৈধভাবে সার্ভিস/বিতরণ লাইন হতে সরাসরি গ্যাস সংযোগ নেয়া হয়েছে কি না তা খুঁজে বের করার লক্ষ্যে টিজিটিডিপিএলসি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। ভিজিলেন্স টিমের কাজ সঠিক, পরিপূর্ণ ও নিরাপদভাবে সম্পন্ন করবার লক্ষ্যে পর্যাপ্ত লোকবল ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থা ও স্থানীয় প্রশাসনকে ভিজিলেন্স টিমের সাথে যুক্ত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | ২২ ও ২৯ মে ২০২৫ এবং ১৮ জুন ২০২৫ | ১। আবিবি (নরসিংদী)-এর জোবিঅ-নরসিংদীর অন্তর্ভুক্ত ভগীরথপুর, ছোট মাধবদী এলাকা পরিদর্শনকালে টিজিটিডিপিএলসি-এর আবাসিক শ্রেণির বৈধ গ্রাহকগণ কর্তৃক অবৈধভাবে অনুমোদন অতিরিক্ত ৪-১০টি চুলা ব্যবহার করতে দেখা যায়, যা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। এছাড়া, পরিদর্শনকালে অত্র এলাকার আবাসিক শ্রেণির গ্রাহকের ১৫ মাস হতে ৫ বছর পর্যন্ত গ্যাস বিল বকেয়া রাখার প্রবণতা পরিলক্ষিত হয়। গ্যাস বিল বকেয়া থাকার কারণে সরকার তথা টিজিটিডিপিএলসি রাজস্ব আহরণ থেকে বঞ্চিত হচ্ছে। জোবিঅ-নরসিংদীর আবাসিক শ্রেণির গ্রাহকদের কাছ থেকে কারণে বকেয়া আদায় করা সম্ভব হচ্ছে না সে বিষয়টি মনিটরিং করা একান্ত প্রয়োজন।<br><br>২। আবিবি (সোনারগাঁও)-এর জোবিঅ-মেঘনাঘাটের অন্তর্ভুক্ত আনারপুরা, গজারিয়া, মুন্সিগঞ্জ এলাকায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহোদয়ের নেতৃত্বে ০১টি চুন কারখানায় অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। উক্ত চুন কারখানার অবৈধ সংযোগটি ইতোমধ্যে আরো ০৩ (তিন) বার ভিন্ন স্পটে বিচ্ছিন্ন করা হয় এবং গুড়িয়ে দেয়া হয়। চুনার কারখানাটি গজারিয়া টিবিএস হতে উৎসারিত ৮ ইঞ্চি ব্যাস ৫০ পিএসআইজি (মেঘনাঘাট ব্রীজগামী) এবং ৮ ইঞ্চি ১৪০ পিএসআইজি (সামুদা কেমিক্যাল গামী) লাইন হতে ৩ টি ২ ইঞ্চি অবৈধ লাইন নিয়ে টাই-ইন করে কারখানা পরিচালনা করছিল। এ এলাকায় হাই প্রেসার লাইন হতে অনেক অবৈধ চুনার কারখানায় গ্যাস সংযোগ নেওয়ার বিষয়টি পরিলক্ষিত হচ্ছে, যা যথেষ্ট উদ্বেগজনক ও যেকোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা থাকে। টিজিটিডিপিএলসি কর্তৃক গ্যাস নিরাপত্তা বিধিমালা ১৯৯১ অনুযায়ী নিয়মিত চৌকি দেয়ার ব্যবস্থা সহ সর্বোচ্চ মনিটরিং এর আওতায় এনে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় এ সকল অবৈধ কার্যকলাপ বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।<br><br>৩। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও উচ্ছেদ পরবর্তী পুনরায় সংযোগ স্থাপন রোধের জন্য গঠিত ভিজিল্যান্স টিমসহ এ কার্যক্রমে অংশগ্রহণকারী অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে মনিটরিং চলাকালীন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা প্রদান করতে হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহোদয়ের নেতৃত্বে অবৈধ সংযোগ বিচ্ছিন্নের পর দোষীদের উপর্যুক্ত শাস্তি নিশ্চিত ও প্রযোজ্য ক্ষেত্রে আইনি পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, এসকল কার্যক্রম পরিচালনাকালীন ভিজিল্যান্স টিমের সদস্যদের জন্য পকেট/বডি ক্যামেরা সরবরাহ করে তাৎক্ষনিক ভিডিও রেকর্ডিং করা যেতে পারে।<br><br>৪। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও উচ্ছেদ পরবর্তী পুনরায় সংযোগ স্থাপন রোধের জন্য পেট্রোবাংলা প্রান্ত হতে মনিটরিং জোরদার ও ফলপ্রসু করার জন্য ডেডিকেটেড ভিজিল্যান্স টিম গঠন করা যেতে পারে। |
| ১ | টিজিটিডিপিএলসি এর ঢাকা মেট্রো বিপণন ডিভিশন-দক্ষিণ | ২৮-০৪-২০২৫ | পরিদর্শনকালে সংযোগসমূহ স্থায়ীভাবে বিচ্ছিন্ন অবস্থায় পাওয়া যাওয়ায় কোন সুপারিশ প্রদান করা হয়নি। |
| ২ | টিজিটিডিপিএলসি এর ঢাকা মেট্রো বিপণন ডিভিশন-উত্তর | ২৪-০৪-২০২৫ | মোট ০৮ (আট) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। ০৩ টি প্রতিষ্ঠানে স্থায়ীভাবেবিচ্ছিন্নকৃত সংযোগটি পুনঃস্থাপিত পরিলক্ষিত হয় ও তাৎক্ষণিকভাবে সংযোগটি বিচ্ছিন্ন করা হয়। ০২ টি প্রতিষ্ঠান তালাবদ্ধ অবস্থায় পাওয়া যায়। বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। |
| | | ০৭/০৫/২০২৫<br>২১-০৫-২০২৫ | মোট ০৮ (আট) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। |
| ৪ | টিজিটিডিপিএলসি এর আবিডি গাজীপুর | ২৪-০৪-২০৫ (সাভার) | ১। টিজিটিডিপিএলসি-এর গাজীপুর অধিক্ষেত্রাধীন আবিডি সাভার এলাকায় টাস্কফোর্স, ভিজিলেন্স টীম এবং মোবাইল কোর্টের মাধ্যমে নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ/পুনঃসংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করা যেতে পারে, এতে অবৈধ সংযোগ গ্রহণ হ্রাস পাবে। আলোচ্য কাজে পেট্রোবাংলার প্রতিনিধির উপস্থিতির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;<br>২। অবৈধ গ্যাস ব্যবহার/সংযোগ প্রতিরোধে কঠোর আইন ও শাস্তির ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে, এতে ব্যবহারকারী ও সংযোগকারী উভয়ই অবৈধ গ্যাস ব্যবহারে নিরুৎসাহিত হবে এবং বিতরণ লাইনে অবৈধ সংযোগের ফলে সৃষ্ট লিকেজ কমে সিস্টেম লস হ্রাস করবে এবং<br>৩। টিজিটিডিপিএলসি কর্তৃক অবৈধ গ্যাস সংযোগ উচ্ছেদ পরবর্তী যথাযথ শাস্তির ব্যবস্থা খুব ধীর গতির, এটি তরান্বিত করা যেতে পারে। |
| | | ০৮-০৫-২০২৫ (টাঙ্গাইল) | ১। টিজিটিডিপিএলসি-এর গাজীপুর অধিক্ষেত্রাধীন আবিডি চন্দ্রার জোবিঅ টাঙ্গাইল এলাকায় টাস্কফোর্স, ভিজিলেন্স টিম এবং মোবাইল কোর্টের মাধ্যমে নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ/পুনঃসংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করা যেতে পারে<br>২। সিস্টেম লস হ্রাসে এবং অবৈধ গ্যাস ব্যবহার/সংযোগ প্রতিরোধে কঠোর আইন ও শাস্তির ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে। এছাড়াও, টিজিটিডিপিএলসি-এর আঞ্চলিক কার্যালয় হতে অবৈধ গ্যাস ব্যবহারের কুফল সম্পর্কে ব্যাপক প্রচারণা করার উদ্যোগ গ্রহন করা যেতে পারে;<br>৩। টিজিটিডিপিএলসি-এর গাজীপুর অধিক্ষেত্রাধীন এলাকায় নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ/পুনঃসংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করার জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট এবং জনবল বৃদ্ধি করা যেতে পারে; এবং<br>৪। টিজিটিডিপিএলসি এর সিস্টেম লস হ্রাসকল্পে সকল জোবিঅ-তে প্রয়োজনীয় মিটারিং ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে। এতে যেমন অবৈধ গ্যাস ব্যবহারের এলাকা চিহ্নিত করা যাবে, তেমনিভাবে কার্যালয়ের কর্মকর্তারা তাদের দায়ও এড়াতে পারবে না। |

| | | | |
|---|---|---|---|
| | | ২২-০৫-২০২৫ (চন্দ্রা) | ১। টিজিটিডিপিএলসি-এর গাজীপুর অধিক্ষেত্রাধীন আবিডি চন্দ্রার জোবিঅ চন্দ্রা এলাকায় টাস্কফোর্স, ভিজিলেন্স টিম এবং মোবাইল কোর্টের মাধ্যমে নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ/পুনঃসংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করা যেতে পারে;<br>২। টিজিটিডিপিএলসি-এর গাজীপুর অধিক্ষেত্রাধীন জোবিঅ চন্দ্রা এলাকায় নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ/পুনঃসংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করার জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট এবং জনবল বৃদ্ধি করা যেতে পারে; এবং<br>৩। টিজিটিডিপিএলসি এর সিস্টেম লস হ্রাসকল্পে সকল জোবিঅ-তে প্রয়োজনীয় মিটারিং ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে। এতে যেমন অবৈধ গ্যাস ব্যবহার প্রবণ এলাকা চিহ্নিত করা যাবে, তেমনি কার্যালয়ের কর্মকর্তারা তাদের দায়ও এড়াতে পারবে না। |
| ৫ | টিজিটিডিপিএলসি এর আবিডি ময়মনসিংহ | ২২-০৪-২০২৫<br>২৩-০৪-২০২৫ | মোট ১৭ (সতের) টি সংযোগ পরিদর্শন করা হয়। সুপারিশসমূহ নিম্নরূপ:<br><br>(ক) বিসিক শিল্প নগরী মাসকান্দা, ময়মনসিংহ-এ অবস্থিত সামী ফুড প্রোডাক্টস পরিদর্শনে পরিদর্শন টিমের নিকট পিকআপ ভ্যানে করে সিএনজি স্টেশন থেকে সরবরাহকৃত সিলিন্ডারের সিএনজি দিয়ে বেকারী পরিচালনার বিষয়টি ঝুঁকিপূর্ণ ও বেআইনী মর্মে প্রতীয়মান হওয়ায় সংশ্লিষ্ট আবিকা-কে আইন অনুযায়ী জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে আবিকা থেকে গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য ভিজিলেন্স টিম-৫ কে অবহিত করবে। এছাড়াও উক্ত শিল্প নগরীতে আরও কোন শিল্প/বাণিজ্যিক গ্রাহক সিএনজি স্টেশন থেকে সরবরাহকৃত সিলিন্ডারের সিএনজি দিয়ে ব্যবসা পরিচালনা করে থাকলে তা তদারকি করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে ভিজিলেন্স টিম-৫ কে অবহিত করবে।<br><br>(খ) পয়রাকান্দি, নতুন বাজার, মুক্তাগাছা, ময়মনসিংহ-এর ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স কামাল এন্টারপ্রাইজ, ঠিকাদার সংকেত-১৯৩ এবং মধুবাগ গ্যাস সার্ভিস, ঠিকাদার সংকেত-৩৯৬-এর প্রতিনিধি যথাক্রমে মোঃ মোজাম্মেল হক মঞ্জু এবং মোঃ আসাদুজ্জামান রাজীব-এর অবৈধ গ্যাস সংযোগ প্রদানের বিষয়টি পরিদর্শন টিমের নিকট পরিলক্ষিত হওয়ায় আলোচ্য ঠিকাদার প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে সংশ্লিষ্ট আবিকা প্রচলিত আইনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(গ) গার্লস স্কুল রোড, ত্রিশাল, ময়মনসিংহ ও এর পাশ্ববর্তী এলাকাগুলোতে উল্লেখযোগ্য পরিমাণ আবাসিক সংযোগ অবৈধ হওয়ায় এবং ঐ এলাকাবাসীর অসহযোগীতার দরুণ ভিজিলেন্স টিমের কার্যক্রম ব্যহত হওয়ায় উল্লেখিত এলাকাগুলোতে জরুরী ভিত্তিতে ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইলকোর্ট পরিচালনা করে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট আবিকা-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৭ | কেজিডিসিএল | ২৮-০৪-২০২৫<br>২৯-০৪-২০২৫ | মোট ৪০ (চল্লিশ) টি প্রতিষ্ঠান/সংযোগ পরিদর্শন করা হয়। ০১ টি প্রতিষ্ঠানে বিচ্ছিন্নকৃত সংযোগটি পুনঃস্থাপিত পরিলক্ষিত হয় ও তাৎক্ষণিকভাবে সংযোগটি বিচ্ছিন্ন করা হয়।<br><br>টিম-৭ (কর্ণফুলী গ্যাস) এর মতামত ও সুপারিশ:<br><br>১। অবৈধ গ্যাস সংযোগ শনাক্ত ও বিচ্ছিন্ন কার্যক্রম পরিচালনার জন্য কোম্পানির ভিজিলেন্স টিম ও কর্মকর্তাদের সমন্বয়ে টিম গঠন করে মনিটরিং জোরদার করতে হবে।<br><br>২। বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগ অবৈধভাবে পুনরায় গ্রহণে নিরুৎসাহিত করতে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম (মসজিদের খুতবাতে আলোচনা, মাইকিং, জেলা-উপজেলা পর্যায়ে সরকারি ভাবে আয়োজিত বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণ করে অবৈধ সংযোগ গ্রহণে নিরুৎসাহিত করার কার্যক্রম গ্রহণ করা, পুস্তিকা প্রকাশ, স্থানীয় দৈনিক পত্রিকায় সচেতনতামূলক বিজ্ঞাপন প্রকাশ ইত্যাদি) গ্রহণ করা যেতে পারে। |

পরিচালক (অপারেশন অ্যান্ড মাইনস) সভায় অবহিত করেন যে , তিনি গত সপ্তাহে উক্ত ০৭টি ভিজিলেন্স টিমের সঙ্গে একটি মিটিং করেছেন এবং সকল টিম নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করছে। তিনি উল্লেখ করে যে, পেট্রোবাংলার ০৭টি ভিজিলেন্স টিম, পেট্রোবাংলা/কোম্পানিসমূহে নিয়োজিত ও ম্যাজিস্ট্রেসি ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, এবং টিজিটিডিপিএলসি-এর ভিজিলেন্স টিমসমূহ - এই তিন পক্ষের মধ্যে কার্যকর সমন্বয় রক্ষার্থে সংস্থার একজন উপযুক্ত কর্মকর্তাকে সমন্বয়কারী হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

এরপ্রেক্ষিতে সভাপতি, পেট্রোবাংলার ০৭টি ভিজিলেন্স টিম ও পেট্রোবাংলা/কোম্পানিসমূহে নিয়োজিত ও ম্যাজিস্ট্রেসি ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সমন্বয়ে একটি পৃথক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি অবৈধ সংযোগ পুনঃস্থাপন রোধ সংশ্লিষ্ট গঠিত ০৭টি ভিজিলেন্স টিমের সুপারিশসমূহ প্রতি সভায় উপস্থাপনের নির্দেশ দেন। তিনি প্রতি মাসে উক্ত ০৭টি টিমের সাথে একটি পৃথক সভা আয়োজনের জন্য পরিচালক (অপারেশন এন্ড মাইন্স)-কে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন যে, উক্ত ০৭টি ভিজিলেন্স টিম পরিদর্শনকালীন সময়ে প্রয়োজন অনুযায়ী পেট্রোবাংলা/কোম্পানিসমূহের জন্য নিয়োগপ্রাপ্ত ও ম্যাজিস্ট্রেসি পাওয়ারপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদেরকে সংযুক্ত করবেন। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) মাইন সভায় বলেন যে, ভিজিলেন্স টিমসমূহ পরিদর্শকালীন সময়ে অনেক অবৈধ সংযোগ পুনঃস্থাপনের প্রমাণ পেয়েছে। এসকল ক্ষেত্রে জড়িত কর্মকর্তাদের এবং ঠিকাদারদেরকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এপ্রেক্ষিতে সভাপতি বলেন যে, ০৭টি ভিজিলেন্স টিমকে অবৈধ সংযোগ পুনঃস্থাপনের সাথে জড়িত কর্মকর্তাদের এবং ঠিকাদারদেরকে চিহ্নিতকরণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

সভাপতি আরো বলেন যে, আরপিজিসিএল এর আওতাভুক্ত সকল সিএনজি ফিলিং স্টেশনের GPS Location ভিত্তিক অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম প্রণয়ন এবং একটি রিয়েল ডাটাবেসের সফটওয়্যার তৈরি করে পরবর্তীতে বিপিসি এবং পেট্রোবাংলাকে একই জিপিএস ম্যাপের আওতায় আনার বিষয়ে গৃহীত কার্যক্রম সংক্রান্ত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**সিদ্ধান্ত:**

(১) অবৈধ সংযোগ পুনঃস্থাপন রোধ সংশ্লিষ্ট গঠিত ০৭টি ভিজিলেন্স টিমের সুপারিশসমূহ প্রতি সভায় উপস্থাপন করতে হবে।

(২) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) প্রতি মাসে উক্ত ০৭টি টিমের সাথে একটি পৃথক সভা আয়োজন করবেন।

(৩) ভিজিলেন্স টিমসমূহ পরিদর্শনকালীন সময়ে প্রয়োজন অনুযায়ী পেট্রোবাংলা/কোম্পানিসমূহের জন্য নিয়োগপ্রাপ্ত ও ম্যাজিস্ট্রেসি পাওয়ারপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদেরকে সংযুক্ত করবেন।

(৪) ০৭টি ভিজিলেন্স টিমকে অবৈধ সংযোগ পুনঃস্থাপনের সাথে জড়িত কর্মকর্তাদের এবং ঠিকাদারদেরকে চিহ্নিতকরণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

(৫) আরপিজিসিএল এর আওতাভুক্ত সকল সিএনজি ফিলিং স্টেশনের GPS Location ভিত্তিক অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম প্রণয়ন এবং একটি রিয়েল ডাটাবেসের সফটওয়্যার তৈরি করে পরবর্তীতে বিপিসি এবং পেট্রোবাংলাকে একই জিপিএস ম্যাপের আওতায় আনার বিষয়ে গৃহীত কার্যক্রম সংক্রান্ত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।

(৬) পেট্রোবাংলার ০৭টি ভিজিলেন্স টিম ও পেট্রোবাংলা/কোম্পানিসমূহে নিয়োজিত ও ম্যাজিস্ট্রেসি ক্ষমতাপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সমন্বয়ে একটি পৃথক সভা আয়োজন করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।
মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা।
আহ্বায়ক, সংশ্লিষ্ট ভিজিলেন্স টিম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স), পেট্রোবাংলা।

৪.১০। **<u>বাপেক্স এর রিগ শিডিউলিং সংক্রান্ত:</u>**

বাপেক্স এর রিগ শিডিউলিং সংক্রান্ত হালনাগাদ তথ্য নিম্নরূপঃ

| **জুলাই ২০২৪ হতে জুন ২০২৫ পর্যন্ত বাপেক্স এর রিগ সিডিউল।** | | | | | |
|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **রিগের নাম** | **খননতব্য কূপ/ওয়ার্কওভার** | **বর্তমান অবস্থান** | **পরবর্তী অবস্থান** | **মন্তব্য** |
| ১ | বিজয়-১০ | ১টি কূপ খনন (জামালপুর-১) ও ১টি কূপ ওয়ার্কওভার (রূপগঞ্জ-১) | জামালপুর-১ | শ্রীকাইল-৫ | **জামালপুর-১:** কূপ খনন কার্যক্রম শেষ হয়েছে।<br><br>**শ্রীকাইল-৫:** ২৫-০৭-২০২৫ তারিখ থেকে রিগ স্থানান্তর শুরু হবে। |
| ২ | বিজয়-১২ | ২টি কূপ ওয়ার্কওভার (কৈলাশটিলা-৭ ও কৈলাশটিলা-১) | কৈলাশটিলা-৭ | কৈলাশটিলা-১ (এসজিএফএল) | **কৈলাশটিলা-৭:** ওয়ার্কওভার কাজ সমাপ্ত হয়েছে।<br><br>**কৈলাশটিলা-১:** ১১-০৭-২০২৫ তারিখ হতে রিগ স্থানান্তর কার্যক্রম শুরু হয়েছে এবং ১৬/০৮/২০২৫ তারিখ হতে ওয়ার্কওভার কার্যক্রম শুরু হবে। |
| ৩ | আইপিএস কার্ডওয়েল | ১টি কূপ ওয়ার্কওভার (বিয়ানিবাজার-২) | কসবা-১ | বিয়ানিবাজার-২ (এসজিএফএল) | ২৫/০৭/২০২৫ তারিখ হতে কসবায় রিগ কমিশনিং কার্যক্রম শুরু হবে এবং কমিশনিং কার্যক্রম শেষে ০১/০৮/২০২৫ তারিখ হতে রিগ স্থানান্তর শুরু হবে। |
| ৪ | বিজয়-১১ | ৩টি কূপ ওয়ার্কওভার (তিতাস-১৬, হবিগঞ্জ-৫ এবং তিতাস-৮) | তিতাস-১৬ (বিজিএফসিএল) | হবিগঞ্জ-৫ (বিজিএফসিএল) | **তিতাস-১৬:** ওয়ার্কওভার কার্যক্রম শেষ হয়েছে। রিগ রক্ষনাবেক্ষণ কাজ শেষে খুব শীঘ্রই হবিগঞ্জ-৫ (বিজিএফসিএল)-এ স্থানান্তর শুরু হবে এবং অক্টোবর এর প্রথম সপ্তাহে হবিগঞ্জ-৫ কূপের ওয়ার্কওভার কার্যক্রম শুরু হবে। |
| ৫ | বিজয়-১৮ | ২টি কূপ ওয়ার্কওভার (সিলেট-৭ ও রশিদপুর-৩) | রশিদপুর-৩ (এসজিএফএল) | সেমুতাং-৬ (বাপেক্স) | বিজয়-১৮ রিগটি সিলেট-৭ থেকে রশিদপুর-৩ এ স্থানান্তরের কার্যক্রম শেষ হয়েছে এবং ১২ জুলাই ২০২৫ তারিখ হতে ওয়ার্কওভার কার্জক্রম শুরু হয়েছে। |

সভাপতি বলেন যে, বাপেক্সের রিগসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি বাপেক্স এর রিগ শিডিউলিং এর ক্ষেত্রে রিগসমূহের বিস্তারিত মুভমেন্ট শিডিউল (রিগের বর্তমান অবস্থান, বর্তমান কার্য সম্পাদনের সম্ভাব্য তারিখ, পরবর্তী গন্তব্যস্থল ও তারিখ)-সহ সংশ্লিষ্ট কোনো চ্যালেঞ্জ থাকলে তা সংক্ষিপ্ত আকারে উল্লেখপূর্বক হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স-কে নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলনে যে, ২০২৫ সালের মধ্যে যেসকল অনুসন্ধান, উন্নয়ন ও ওয়ার্কওভার এর পরিকল্পনা রয়েছে তা যথাসময়ে শুরু করতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) বাপেক্স এর রিগ শিডিউলিং এর ক্ষেত্রে রিগসমূহের বিস্তারিত মুভমেন্ট শিডিউল (রিগের বর্তমান অবস্থান, বর্তমান কার্য সম্পাদনের সম্ভাব্য তারিখ, পরবর্তী গন্তব্যস্থল ও তারিখ)-সহ সংশ্লিষ্ট কোনো চ্যালেঞ্জ থাকলে তা সংক্ষিপ্ত আকারে উল্লেখপূর্বক হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে।

(২) ২০২৫ সালের মধ্যে যেসকল অনুসন্ধান, উন্নয়ন ও ওয়ার্কওভার এর পরিকল্পনা রয়েছে তা যথাসময়ে শুরু করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।

সকল অনুসন্ধান এবং উৎপাদন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক

৪.১১। **দেশীয় গ্যাসের উৎপাদন:**

সভায় দেশীয় গ্যাসের উৎপাদনের পরিমাণ তুলে ধরা হয়, যা নিম্নরূপঃ

| কোম্পানির নাম | চলতি মাসে উৎপাদন/সরবরাহের পরিমাণ (জুন, ২০২৫) | | বিগত বছরের একই মাসের উৎপাদন/সরবরাহের পরিমাণ (জুন, ২০২৪) | | ২০২৪-২৫ অর্থবছরের চলতি মাস পর্যন্ত অর্জন | | ২০২৪-২৫ অর্থবছরের মোট উৎপাদন লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দৈনিক গড় উৎপাদন/সরবরাহ (এমএমসিএফডি) | মাসিক মোট উৎপাদন/সরবরাহ (এমএমসিএম) | দৈনিক গড় উৎপাদন/সরবরাহ (এমএমসিএফডি) | মাসিক মোট উৎপাদন/সরবরাহ (এমএমসিএম) | দৈনিক গড় উৎপাদন/সরবরাহ (এমএমসিএফডি) | চলতি মাস পর্যন্ত মোট উৎপাদন/সরবরাহ (এমএমসিএম) | দৈনিক গড় লক্ষ্যমাত্রা (এমএমসিএফডি) | অর্থবছরের উৎপাদন/সরবরাহ লক্ষ্যমাত্রা (এমএমসিএম) |
| বাপেক্স | ১০৫.৪৫ | ৯২.৫৭ | ১১৭.৬৩ | ৯৯.৯৩ | ১১২.২১ | ১১৫৯.৭২ | ১০৯.৫৯ | ১১৩২.৬৭ |
| বিজিএফসিএল | ৪৭০ | ৩৯৯.০১২ | ৫৫৪ | ৪৭০.৩৭০ | ৫১৪ | ৫৩১৪.৪৬৯ | ৫২৫ | ৫৪২৮.৩০২ |
| এসজিএফএল | ১৪৩.৪৩ | ১২১.৮৪৬ | - | ১০০.১৪২ | ১৩৪.৬৮ | ১৩৯২.০০৭ | ১২৮.৫৯১ | ১৩২৯.০৭৫ |
| Chevron | ৯৮৭.৮৪৬ | ৮৩৯.১৮ | ১১০৬ | ৯৩৯.৫৩ | ১১০০ | ১১,৩৬৮.৬২ | ১০৫৩.৩৭ | ১০,৮৮৭.২৫ |
| Tullow | ৩১.৩১ | ২৬.৬০ | ৩৮.৭৫ | ৩২.৯১ | ৩৫.৭৪ | ৩৬৯.৩৮ | ৩৭.৫০ | ৩৮৭.৩৭ |
| মোট | ১৭৩৮.০৪ | ১৪৭৯.২১ | ১৮১৬.৩৮+ এসজিএফএল | ১৬৪২.৮৮ | ১৮৯৬.৬৩ | ১৯৬০৪.২ | ১৮৫৪.০৫ | ১৯১৬৪.৬৭ |

সভাপতি বলেন যে, দেশীয় গ্যাসের উৎপাদন বাড়াতে নতুন নতুন কর্ম পরিকল্পনা নিয়ে সংশ্লিষ্ট কোম্পানিকে এগিয়ে আসতে হবে। দেশীয় গ্যাসের উৎপাদন বাড়াতে সম্ভাবনার ক্ষেত্র যতই ছোট হোক সেই সম্ভাবনার ক্ষেত্র গভীরতার সাথে যাচাই করতে হবে। সভাপতি এই লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। তিনি দেশীয় গ্যাসের উৎপাদনের পরিমাণ সংক্রান্ত ছকে চলতি মাসের উৎপাদনের পরিমাণ এর পাশাপাশি পূর্ববর্তী বছরের একই মাসের উৎপাদনের এর তথ্য এবং Chevron ও Tullow এর গ্যাস উৎপাদনের তথ্য সংযুক্ত করার নির্দেশ দেন।

সভাপতি কূপ খনন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান CCDC এর আনীত ম্যাটেরিয়ালের কোম্পানি পর্যায়ে সম্ভাব্য ব্যবহারের বিষয়ে বিজিএফসিএল এবং বাপেক্স এর ব্যবস্থাপনা পরিচালক-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত:**

(১) দেশীয় গ্যাসের উৎপাদন বাড়াতে নতুন নতুন কর্ম পরিকল্পনা তৈরি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) কূপ খনন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান CCDC এর আনীত ম্যাটেরিয়ালের কোম্পানি পর্যায়ে সম্ভাব্য ব্যবহারের বিষয়ে বিজিএফসিএল এবং বাপেক্স এর ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(৩) দেশীয় গ্যাসের উৎপাদনের পরিমাণ সংক্রান্ত ছকে চলতি মাসের উৎপাদনের পরিমাণ এর পাশাপাশি পূর্ববর্তী বছরের একই মাসের উৎপাদনের এর তথ্য এবং Chevron ও Tullow এর গ্যাস উৎপাদনের তথ্য সংযুক্ত করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।

সকল অনুসন্ধান এবং উৎপাদন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা।

মহাব্যবস্থাপক (অনুসন্ধান), পেট্রোবাংলা।

মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রোডাকশন), পেট্রোবাংলা।

৪.১২। **কয়লা উৎপাদন:**

মাসিক কয়লা উত্তোলনের পরিমাণ সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছক অনুযায়ী সভায় উপস্থাপন করা হয়:

| কোম্পানির নাম | জুন-২৫ মাসে কয়লা উৎপাদন (টন) | জুন -২৫ মাসে কয়লা বিক্রয় (টন) | ২০২৪-২৫ অর্থবছরের জুন- ২৫ মাস পর্যন্ত অর্জন (টন) | ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা (টন) |
|---|---|---|---|---|
| বিসিএমসিএল | ৪৬,৩৭২.৯৫৪ | ৪৬,৩৭২.৯৫৪ | ১০,০৯,০৮৯.৮৩৯ | ৬,৫০,০০০.০০ |

ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল সভায় অবহিত করেন যে, বোরহোল খননের বিষয়ে গত ২৮ মে ২০২৫ তারিখে চৌহাটি ও কাজিপাড়া গ্রামবাসি প্রতিনিধিগণের সাথে বিসিএমসিএল প্রতিনিধি ও অফিসার ইনচার্জ, বড়পুকুরিয়া পুলিশ তদন্ত কেন্দ্র এর উপস্থিতিতে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় চৌহাটি গ্রামের বাড়ীঘর/ফাটলের সংখ্যা গণনার পাশাপাশি বোর হোল খনন সংক্রান্ত কাজ একই সঙ্গে চলমান থাকার প্রস্তাব জানানো হলে গ্রামের প্রতিনিধিগণ জানায় যে, বাড়িঘর ফাটলের ক্ষতিপূরণের টাকা না পাওয়া পর্যন্ত তারা বোরহোল খনন কাজ করতে দিবে না। পরবর্তীতে জেলা প্রশাসক ,

দিনাজপুরকে বোরহোল খনন সংক্রান্ত বিষয়টি স্থানীয় জনগণের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে সমস্যা সমাধানের জন্য অনুরোধ জানিয়ে পেট্রোবাংলার পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) মহোদয় ১৫ জুন ২০২৫ তারিখে আরও একটি পত্র প্রদান করেন। বোরহোলে যাওয়ার রাস্তা ও পেভমেন্ট তৈরির কাজে দ্রুত সহায়তা করার জন্য চীনা কনসোর্টিয়াম গত ০১ জুলাই ২০২৫ তারিখে পত্র মারফত আবারও জরুরি তাকাদা প্রদান করে। পত্রে কনসোর্টিয়াম সময়মত বোরহোল খনন সম্পন্ন করতে না পারলে চলমান চুক্তি বাস্তবায়নে সমস্যা হবে, এ চুক্তির আওতায় Ten Year Mine Plan প্রস্তুত করা সম্ভব হবে না, কয়লার উৎপাদন খরচ বেড়ে যাবে বলে জানায়। এছাড়া কনসোর্টিয়াম সময়মত বোরহোল খনন করতে না পারলে চুক্তি অনুযায়ী ক্ষতিপূরণ দাবি করবে বলে পত্রে পুনরায় উল্লেখ করে।

নির্দেশনা অনুযায়ী বিসিএমসিএল এর পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় চেয়ারম্যান, পেট্রোবাংলা-কে আমন্ত্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

৩০০ একর জমি অধিগ্রহণের জন্য ১৮/১২/২০২৪ তারিখে মন্ত্রণালয় প্রশাসনিক অনুমোদন প্রদান করে। তৎপ্রেক্ষিতে বর্ণিত জমি অধিগ্রহণের জন্য ২০/০২/২০২৫ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর কর্তৃক অধিগ্রহণ প্রস্তাবটি যাচাই-বাছাইয়ের কাজ শেষে চারটি দাগ বাদ পড়েছে মর্মে জেলা প্রশাসকের কার্যালয় অবহিত করে। এছাড়া এ বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ করার জন্য বিসিএমসিএল কর্তৃক একজন কর্মকর্তা-কে মনোনয়ন প্রদান করা হয়েছে। ১২ এপ্রিল ২০২৫ তারিখে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সচিব, বিদ্যুৎ বিভাগ, চেয়ারম্যান, পেট্রোবাংলা-সহ অন্যান্য কর্মকর্তা কর্তৃক কয়লা খনি পরিদর্শন পরবর্তীতে যেসকল দিকনির্দেশনা প্রদান করা হয়েছে সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

সভাপতি গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, তিনি পরিচালক (অর্থ) এবং পরিচালক (পিএসসি)-কে বিসিএমসিএল-এর সার্বিক অবস্থা সরেজমিনে পরিদর্শনপূর্বক পেট্রোবাংলায় একটি পৃথক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(১) কয়লা উত্তোলন ও বিক্রির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।

(২) খনি এলাকার আশেপাশের গ্রামের মানুষের সত্যিকারের অনুভূতি জড়িত রয়েছে এবং এক্ষেত্রে যতটা সম্ভব মানবিকতার সাথে আইনানুগ ভাবে সকল সমস্যার সমাধান করতে হবে।

(৩) ডিসি অফিসের সহযোগিতায় খনির পার্শ্ববর্তী গ্রামের ৩০০ একর জমি অধিগ্রহণ এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

(৪) ১২-০৪-২০২৪ তারিখে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সচিব, বিদ্যুৎ বিভাগ, চেয়ারম্যান, পেট্রোবাংলা-সহ অন্যান্য কর্মকর্তা কর্তৃক কয়লা খনি পরিদর্শন পরবর্তীতে যেসকল দিক নির্দেশনা প্রদান করা হয়েছে সে অনুযায়ী কার্যক্রম চলমান থাকবে।

(৫) পরিচালক (অর্থ) এবং পরিচালক (পিএসসি)-কে বিসিএমসিএল-এর সার্বিক অবস্থা সরেজমিনে পরিদর্শনপূর্বক পেট্রোবাংলায় একটি পৃথক সভা আয়োজন করবেন।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অর্থ), পেট্রোবাংলা।

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।

পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা।

ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল।

৪.১৩। **পাথর উৎপাদন:**

মাসিক পাথর উত্তোলনের পরিমাণ সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছক অনুযায়ী সভায় উপস্থাপন করা হয়:

| কোম্পানির নাম | জুন/২০২৫ মাসের উৎপাদনের পরিমাণ | জুন/২০২৫ মাসের বিক্রয়ের পরিমাণ | ২০২৪-২৫ অর্থবছরে জুন/২০২৫ পর্যন্ত উৎপাদনের অর্জিত লক্ষ্যমাত্রা | ২০২৪-২৫ অর্থবছরে উৎপাদনের মোট লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| এমজিএমসিএল | ১২৬,০৪৪.৪১ মে.টন | নগদ ৬৯,৫১০.০০ মে.টন + ক্রেডিট ১০,৮০২.৫৮৫ মে.টন=৮০,৩১২.৫৮৫ মে.টন | ১,২৭০,০৬৭.১৩ মে.টন | ১৫,৩২,০০০.০০ মে.টন |

ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল সভায় অবহিত করেন যে, এমজিএমসিএল ও জিটিসি-এর মধ্যে চলমান চুক্তির আওতায় জুন/২০২৫ মাসে ১২৬,০৪৪.৪১ মেট্রিক টন গ্রানাইট পাথর উৎপাদিত হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদন মোতাবেক বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল)-এর সাথে স্বাক্ষরিত দ্বিপক্ষীয় সমঝোতা স্মারকের আদলে বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল), চট্টগ্রাম-এর সাথেও দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক গত ২২-০৬-২০২৫ তারিখে স্বাক্ষরিত হয়েছে।

বিদ্যমান Crushing Sorting Plant হতে উৎপাদিত ৬০-৮০ মি.মি. পাথর পুনঃক্রাশ করে ০৫-২০ মি.মি. করার জন্য আলাদা ক্রাশিং সিস্টেম জিটিসি'র মাধ্যমে স্থাপন করার নিমিত্ত ১৯/০৩/২০২৫ তারিখে জিটিসি-কে Technical & Financial প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এতদবিষয়ে ০৯/০৪/২০২৫ এবং ০৪/০৫/২০২৫ তারিখে পুনরায় তাগাদা পত্র প্রেরণ করা হয়েছে। জিটিসি এখনও প্রস্তাব দাখিল করেনি। খনির আবাসিক এলাকায় মজুদকৃত প্রায় ৩০,০০০ মেট্রিক টন ৬০-৮০ মি.মি. আকারের পাথর পুনঃক্রাশ করে ৫-২০ মি.মি. আকারে রূপান্তর করার জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে এবং পাথর Crushing শুরু হয়েছে। এছাড়াও, এমজিএমসিএল কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় Crushing Sorting Plant ক্রয়ের

লক্ষ্যে দরপত্র দলিল ও দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বাজেট সংস্থান সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক দরপত্র আহ্বান করা হবে। HBRI কর্তৃক ১৮-০৩-২০২৫ তারিখে এমজিএমসিএল-এর স্টোন ডাস্ট ০-০৫ মি.মি. এর বিভিন্ন অনুপাতে প্রাপ্ত গবেষণায় সন্তোষজনক ফলাফলের প্রেক্ষিতে গত ২০-০৪-২০২৫ তারিখে Dyadic Research Impacts Private Ltd. হতে এমজিএমসিএল বরাবর Letter of Intent প্রদান করা হয়েছে। উক্ত Letter of Intent এর কিছু বিষয় স্পষ্টীকরণের জন্য এমজিএমসিএল হতে পত্র প্রেরণ করা হলে Dyadic Research Impacts Private Ltd. হতে তার একটি জবাব প্রদান করে। Dyadic Research Impacts Private Ltd. হতে প্রেরিত Letter of Intent এর প্রেক্ষিতে এমজিএমসিএল-এর করণীয় বিষয়ে আইনি মতামত গ্রহণের জন্য আইনজ্ঞের নিকট প্রেরণ করা হয়েছে। আইনি মতামত পাওয়া গেছে এবং আইনি মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর রেট সিডিউল-২০২২ এ মধ্যপাড়া বোল্ডার পাথরের দর হালনাগাদকরণের বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে অনুমোদনের অপেক্ষায় আছে।
সভাপতি বলেন যে গত সভার সিদ্ধান্তসমূহ চলমান থাকবে। তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী , দ্রুততম সময়ে ক্রাশিং মেশিন স্থাপন কার্যক্রমে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করার নির্দেশনা দেন। পাথর বিক্রয় কার্যক্রম ত্বরান্বিত লক্ষ্যে তিনি বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) ও বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল)-এর মহাপরিচালকবৃন্দের সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা করবেন বলেও সভায় জানান।

**সিদ্ধান্ত:**

(১) পাথর উত্তোলন ও বিক্রির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
(২) দেশের বিভিন্ন নির্মাণ কাজে ব্যবহৃত পাথরের জনপ্রিয় সাইজ তৈরির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দ্রুততম সময়ে ক্রাশিং মেশিন স্থাপনের কার্যক্রম সম্পাদন করতে হবে।
(৩) মধ্যপাড়া খনির স্টোন ডাস্ট (০-৫ মি.মি) বিক্রির বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-সহ সম্ভাব্য সকল ক্রেতাদের সাথে যোগাযোগ বৃদ্ধি এবং পাথরের সম্ভাব্য সকল ক্রেতাদের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে
(৪) স্টোন ডাস্ট ব্যবহার করে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর সংশ্লিষ্টতায় ব্রিক নির্মাণ সংক্রান্ত প্রস্তাবনার বিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।
(৫) অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর দর তফসিল ২০২২ এ অন্তর্ভুক্ত এমজিএমসিএল-এর উৎপাদিত বোল্ডার পাথরের দর হালনাগাদ অনুমোদন সংক্রান্ত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা।
ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল।

৪.১৪। **নিয়োগ ও পদোন্নতি:**

**বাস্তবায়ন অগ্রগতিঃ**

| কোম্পানির নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| পেট্রোবাংলা | (১)/(২) নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(৩) জুন, ২০২৫ মাসে পেট্রোবাংলার ব্যবস্থাপক পর্যায়ের ৩জন কর্মকর্তাকে উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>(৪) নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এতদসংক্রান্তে কোর্স কনটেন্ট নির্ধারণের জন্য গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। |
| বাপেক্স | (১) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(২) প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরবর্তী পদোন্নতি কার্যক্রমের লক্ষ্যে ১ম শ্রেণির কর্মকর্তাগণের জন্য দুর্নীতি দমন কমিশন (দুদক) হতে ছাড়পত্র সংগ্রহের জন্য পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হলে ১০-০৭-২০২৫ তারিখে উক্ত ছাড়পত্র পাওয়া গেছে ।<br>(৩) সর্বশেষ অক্টোবর, ২০২৪ এ ০৩ জন কর্মকর্তাকে উপমহাব্যবস্থাপক এবং ০৯ জন কর্মকর্তাকে ব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>(৪) নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৫) নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে। |
| এসজিএফএল | (২) পদোন্নতিযোগ্য শূন্যপদসমূহ নিয়মিতভাবে পদোন্নতির মাধ্যমে পূরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(৪) নতুন যোগদানকৃত কর্মকর্তাদের মধ্যে কিছু সংখ্যক কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে ধাপে ধাপে অবশিষ্ট কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৫) নির্দেশনা প্রতিপালন করা হবে। |

| | |
|---|---|
| **জিটিসিএল** | (২) নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।<br>(৩) জুন ২০২৫ মাসে কর্মকর্তা এবং কর্মচারী পর্যায়ে কোন পদোন্নতি প্রদান করা হয়নি।<br>(৪) নিদের্শনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **টিজিটিডিপিএলসি** | (২) যথাযথ বিধি অনুসরণপূর্বক প্রাপ্যতা অনুযায়ী পদোন্নতি প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে।<br>(৩) জুন'২৫ মাসে কোন পদোন্নতি প্রদান করা হয় নাই ।<br>(৪) নতুন যোগদানকৃত ৯ম গ্রেডের কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ১০ম গ্রেডে যোগদানকৃত ৪২ (বিয়াল্লিশ) জন কর্মকর্তাদের গত ০৬ মে, ২০২৫ তারিখ হতে ০৩ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত শর্ট প্রশিক্ষনের আয়োজন করা হয়। |
| **বিজিডিসিএল** | (২) বিদ্যমান শূন্যপদের বিপরীতে পদোন্নতিযোগ্য কর্মকর্তাদের প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>কর্মচারীদের প্রাপ্ত ২০২৪ সনের বার্ষিক গোপনীয় অনুবেদন ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃক যাচাই-বাছাই করা হয়েছে। বিদ্যমান শূন্য পদে পদোন্নতিযোগ্য কর্মচারীদের পদোন্নতি প্রদানের লক্ষ্যে পদোন্নতি সভা যথাশীঘ্র আয়োজন করা হবে।<br>(৩) ২০২৫ সালের জুন মাস পর্যন্ত ১৫ (পনেরো) জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে। অবশিষ্ট বিদ্যমান পদোন্নতিযোগ্য শূন্যপদ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পদোন্নতির কার্যক্রম অব্যাহত আছে।<br>(৪) উল্লিখিত নির্দেশনা যথানিয়মে প্রতিপালন করা হচ্ছে।<br>(৬) আউটসোর্সিং ভিত্তিতে নিয়োগের ক্ষেত্রে বিজিডিসিএল-এ প্রয়োজনের অতিরিক্ত জনবল নিয়োজন করা হয়নি। |
| **জেজিটিডিএসএল** | (২) নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৩) অত্র কোম্পানিতে জুন,২০২৫ মাসে কোন কর্মকর্তা-কর্মচারী পদোন্নতিপ্রাপ্ত হননি।<br>(৪) জেজিটিডিএসএল-এ যেসকল কর্মকর্তা নতুন যোগদান করবেন তাদেরকে যোগদান পরবর্তীতে নির্দেশনা অনুযায়ী বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৫) আউটসোর্সিং/ক্যাজুয়াল/দৈনিক ভিত্তিক ব্যবস্থায় জনবল নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত জনবল নিয়োগ না করার বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। |
| **পিজিসিএল** | ২। পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পিজিসিএল-এর কর্মকর্তা-কর্মচারীদের প্রাপ্যতা অনুযায়ী বিধি মোতাবেক যথাসময়ে পদোন্নতি প্রদান করা হয়ে থাকে এবং ভবিষ্যতে পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩। অত্র কোম্পানিতে জুন,২০২৫ মাসে কোন কর্মকর্তা-কর্মচারী পদোন্নতিপ্রাপ্ত হননি।<br>৪। পিজিসিএল-এ যেসকল কর্মকর্তা নতুন যোগাদান করবেন তাদের যোগদান পরবর্তীতে সকলকে দ্রুততম সময়ে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **কেজিডিসিএল** | ২। পদোন্নতি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। জুন ২০২৫ মাসে কোন পদোন্নতি প্রদান করা হয়নি।<br>৪। কেজিডিসিএল এ যে সকল কর্মকর্তা নতুন যোগদান করবেন তাদেরকে উপর্যুক্ত নির্দেশনানুযায়ী বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৫। কেজিডিসিএল-এ আউটসোসিং/দৈনিক ভিত্তিক ব্যবস্থায় জনবল নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত জনবল নিয়োগ না করার বিষয়টি নিশ্চিত করা হবে। |
| **এসজিসিএল** | ২। যথাসময়ে বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>৩। জুন'২০২৫ মাসে ১ (এক) জন কর্মকর্তাকে উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>৪। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৫। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **বিসিএমসিএল** | (২) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীদের প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে বিধি মোতাবেক পদোন্নতি প্রদান করা হয়ে থাকে।<br>(৩) অত্র কোম্পানিতে জুন, ২০২৫ মাসে কোনো কর্মকর্তা-কর্মচারী পদোন্নতিপ্রাপ্ত হননি।<br>(৪) বিসিএমসিএল-এ যেসকল কর্মকর্তা নতুন যোগদান করবেন তাদের যোগদান পরবর্তীতে সকলকে দ্রুততম সময়ে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(৫) নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **এমজিএমসিএল** | ২। ২০২৪ সালের এসিআর ধরে কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর ছাড়পত্র গ্রহণের জন্য ১৩/০২/২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলা ২০/০২/২০২৫ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ২৩/০৬/২০২৫ তারিখে এমজিএমসিএল-এর সংযুক্ত তালিকার ৬১ (একষট্টি) জন কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে কোন মামলা তদান্তধীন কিংবা বিচারাধীন নেই মর্মে জানিয়েছে।<br>৩। জুন/২০২৫ মাসে পদোন্নতি প্রদান করা হয়নি।<br>৪। নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৫। নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **বিজিএফসিএল** | ২। পদোন্নতিযোগ্য কর্মকর্তা/কর্মচারিদের বিধি মোতাবেক যথাসময়ে পদোন্নতি প্রদান করা হচ্ছে।<br>৩। জুন/২০২৫ মাসে ০৭ জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়। আলোচ্য মাসে কোনো কর্মচারিকে পদোন্নতি প্রদান করা হয়নি।<br>৪। যেসকল কর্মকর্তা নতুন যোগদান করবেন তাদের যোগদান পরবর্তী সকলকে দ্রুততম সময়ে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৫। সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন করা হবে। |

| | |
|---|---|
| আর<br>পিজ<br>িস<br>িএ<br>ল | (২) বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।<br>(৩) জুন ২০২৫-এ কোনো কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়নি। ২০২৪ সালের এসিআর সম্পাদনের কার্যক্রম ৩১ মার্চ ২০২৫-এ সম্পন্ন হয়েছে।<br>(৪) নবযোগদানকৃত কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত আরপিজিসিএল-এর কোর্স কন্টেন্ট পত্রমাধ্যম পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।<br>(৫) কোম্পানিতে অনুমোদিত আউটসোর্সড সেবার বিপরীতে দাপ্তরিক প্রয়োজনীয়তা বিবেচনায় ঠিকাদারের মাধ্যমে সেবাকর্মী নিয়োজন করা হয়। কোম্পানিতে বর্তমানে কোনো ক্যাজুয়াল বা দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োজিত নেই। |

পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, চলমান কেন্দ্রীয় নিয়োগের সকল পদের পুলিশ ভেরিফিকেশন দ্রুততম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সঙ্গে যোগাযোগ রক্ষা করা হচ্ছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান, নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটি ইতোমধ্যে একটি খসড়া কারিকুলাম প্রস্তুত করেছে। এ বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন শীঘ্রই দাখিল করা হবে। মে জুন, ২০২৫ মাসে পেট্রোবাংলার ব্যবস্থাপক পর্যায়ের ৩জন কর্মকর্তাকে উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। । তিনি কোম্পানিসমূহে প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে বিধি মোতাবেক সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের জন্য সকল ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করেন। সভাপতি সকল পদের পুলিশ ভেরিফিকেশন দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে বলনে। তিনি আরও বলেন যে, যথাসময়ে পদোন্নতি এবং শতভাগ স্বচ্ছ নিয়োগের বিষয়ে পেট্রোবাংলা বদ্ধপরিকর। সভাপতি পেট্রোবাংলা এবং কোম্পানিসমূহে যেসকল কর্মকর্তা নতুন যোগাদান করবেন তাদের যোগদান পরবর্তীতে সকলকে দ্রুততম সময়ে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। সভাপতি আরও বলেন যে, এমজিএমসিএল, বিসিএমসিএল ও এসজিসিএল সহ সকল কোম্পানিতে rightsizing of the administration বজায় রাখতে হবে; যে পরিমাণ কাজ সে পরিমাণ জনবল ইউটিলাইজেশন নিশ্চিত করতে হবে। আউটসোর্সিং/ক্যাজুয়াল/দৈনিক ভিত্তিতে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত জনবল যেনো নিয়োগ না করা হয় তা নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত:**

(১) চলমান কেন্দ্রীয় নিয়োগের সকল পদের পুলিশ ভেরিফিকেশন দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

(২) পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহে প্রাপ্যতা অনুযায়ী যথাসময়ে বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩) পদোন্নতি সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।

(৪) পেট্রোবাংলা এবং কোম্পানিসমূহে যেসকল কর্মকর্তা নতুন যোগাদান করবেন তাদের যোগদান পরবর্তীতে সকলকে দ্রুততম সময়ে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৫) এমজিএমসিএল, বিসিএমসিএল ও এসজিসিএল সহ সকল কোম্পানিতে rightsizing of the administration বজায় রাখতে হবে; যে পরিমাণ কাজ সে পরিমাণ জনবল ইউটিলাইজেশন নিশ্চিত করতে হবে। আউটসোর্সিং/ক্যাজুয়াল/দৈনিক ভিত্তিতে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত জনবল যেনো নিয়োগ না করা হয় তা নিশ্চিত করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

## ৪.১৫। **বিচারাধীন মামলা:**

**১:**

সভায় পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের জুন, ২০২৫ মাসের চলমান মামলাসমূহের বিবরণী উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

**পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের জুন, ২০২৫ মাসের বিচারাধীন মামলাসমূহের সার-সংক্ষেপ।**

| সংস্থা/কোম্পানিসমূহের নাম | মে, ২০২৫ মাস পর্যন্ত মামলার সংখ্যা | জুন, ২০২৫__মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | | মোট মামলা | জুন, ২০২৫_মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | ৩০/৬/২০২৫ পর্যন্ত অবশিষ্ট মামলা |
|---|---|---|---|---|---|---|---|
| | | পক্ষে | বিপক্ষে | | পক্ষে | বিপক্ষে | |
| পেট্রোবাংলা | ১৭+৪টি*=২১টি | - | - | ১৭+৪টি*=২১টি | - | - | ১৭+৪টি*=২১টি |
| টিজিটিডিসিএল | ১৩৩১টি | - | ১০টি | ১৩৪১টি | ২টি | - | ১৩৩৯টি |
| বিজিডিসিএল | ৫৪৩টি | ৩টি | ২টি | ৫৪৮টি | ৮টি | - | ৫৪০টি |
| জেজিটিডিএসএল | ১১৩টি | - | - | ১১৩টি | ১টি | - | ১১২টি |
| পিজিসিএল | ৪৮ টি | - | - | ৪৮টি | - | - | ৪৮ টি |
| বিজিএফসিএল | ৪৪টি | - | - | ৪৪টি | - | - | ৪৪টি |
| কেজিডিসিএল | ২৫৯টি | ১টি | - | ২৬০টি | ৮টি | ১টি | ২৫১টি |
| এসজিএফএল | ২০টি | - | - | ২০টি | - | - | ২০টি |
| জিটিসিএল | ৩২টি | - | - | ৩২টি | | - | ৩২টি |
| বাপেক্স | ৫৮টি | - | ১টি | ৫৯টি | - | - | ৫৯টি |
| আরপিজিসিএল | ১২ টি | - | - | ১২টি | - | - | ১২ টি |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বিসিএমসিএল | ২৯টি | ১টি | ১টি | ৩১টি | - | - | ৩১টি |
| এমজিএমসিএল | ৯টি | - | | ৯টি | - | - | ৯টি |
| এসজিসিএল | ১৩ টি | - | - | ১৩ টি | - | - | ১৩ টি |
| মোট | ২৫৩২ টি | ৫টি | ১৪টি | ২৫৫১ টি | ১৯টি | ১টি | ২৫৩১ টি |

* উল্লেখ্য, International Centre for Settlement of Investment Disputes (ICSID)-এ বাংলাদেশ সরকার, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)-এর বিপক্ষে চলমান ও কার্যক্রম সমাপ্ত হয়েছে এরূপ আরবিট্রেশনের বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক | আরবিট্রেশন নম্বর | আরবিট্রেশনের পক্ষ-বিপক্ষ |
|---|---|---|
| ১ | ICSID Case No. ARB/10/11 | Niko Resources (Bangladesh) Ltd. v. Petrobangla and BAPEX. |
| ২ | ICSID Case No. ARB/19/18 | Niko Exploration (Block 9) Ltd. v. People's Republic of Bangladesh and Petrobangla. |
| ৩ | ICSID Case No. ARB/22/4 | KrisEnergy Bangladesh Limited v. People's Republic of Bangladesh and Petrobangla. |
| ৪ | ICSID Case No. ARB/24/39 | Chevron Bangladesh Block Twelve, Ltd. Chevron Bangladesh Blocks Thirteen & Fourteen, Ltd. V. People's Republic of Bangladesh and Petrobangla. |

**সিদ্ধান্ত ২/৩ - বাস্তবায়ন অগ্রগতি:**

| কোম্পানির নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| **পেট্রোবাংলা** | ২৩/৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলার ১৪২তম মাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত ৪.১৫ (২) এবং (৩) অনুযায়ী মামলা সংক্রান্ত বিষয়ে শীঘ্রই একটি সভা অনুষ্ঠিত হবে এবং পেট্রোবাংলার প্যানেল আইনজীবী নিয়োগ প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে সুপারিশ করার বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। |
| **টিজিটিডিপিএলসি** | (৩) কোম্পানিতে আইনজীবী প্যানেলভূক্তির জন্য বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাচাই করে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে কোম্পানি ও পেট্রোবাংলার প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে গঠিত কমিটির কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। |
| **কেজিডিসিএল** | ৩। সিদ্ধান্ত অনুযায়ী কেজিডিসিএল পরিচালনা পর্ষদের ২২৯তম সভায় কেজিডিসিএল এর বিদ্যমান প্যানেল আইনজীবীদের মেয়াদ বাতিলপূর্বক নতুনভাবে প্যানেল আইনজীবী তালিকাভুক্তকরণ এর বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের আলোকে বিদ্যমান প্যানেল আইনজীবীদের মেয়াদ বাতিলপূর্বক নোটিশ প্রদান এবং নতুনভাবে প্যানেল আইনজীবী |
| **জেজিটিডিএসএল** | (৩) জেজিটিডিএসএল-এর পূর্বতন প্যানেল আইনজীবীদের পরিবর্তন করে নতুন করে নিয়োগের লক্ষ্যে কোম্পানির পরিচালনা পর্ষদের ৫৩৫তম সভার অনুমোদন মোতাবেক প্যানেল আইনজীবী তালিকাভুক্তি/নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ইতোমধ্যে স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রকাশিত হয়েছে। এছাড়া, প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে কোম্পানির প্যানেল আইনজীবি তালিকাভুক্তির নিমিত্ত প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইসহ সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটি ইতোমধ্যে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করেছে। দাখিলকৃত সুপারিশের আলোকে প্যানেল আইনজীবি নিয়োগ চূড়ান্তকরণের নিমিত্ত বিষয়টি কোম্পানির পরিচালনা পর্ষদের ৫৩৯তম সভায় উপস্থাপন করা হয়েছে। |
| **এসজিসিএল** | ৩। নতুন করে প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণপূর্বক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রাপ্ত আবদনসমূহ মূল্যায়নের কার্যক্রম চলমান। |
| **বিজিএফসিএল** | ৩। প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে। আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ২৬-০৬-২০২৫। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের কার্যক্রম চলমান আছে। কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন আগামী বোর্ড সভায় উপস্থাপন করা হবে। |
| **জিটিসিএল** | (৩) নির্দেশনা অনুযায়ী কোম্পানির প্যানেল আইনজীবীদের পরিবর্তন করে নতুন করে নিয়োগের প্রস্তাব পরিচালকমন্ডলীর গত ৩০-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫০৬তম সভায় অনুমোদিত হয়। বর্তমানে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। |
| **পিজিসিএল** | ৩। পিজিসিএল এর ইতঃপূর্বের তালিকাভুক্ত প্যানেল আইনজীবীগণের মেয়াদ গত ৩০/০৬/২০২৫ তারিখে উত্তীর্ণ হয়েছে। এ পরিপ্রেক্ষিতে নতুন করে প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে পিজিসিএল পরিচালনা পর্ষদের ৩৭১তম সভায় প্যানেল আইনজীবী তালিকাভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি আহ্বানের অনুমোদনের প্রেক্ষিতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী পিজিসিএল পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। |
| | |
| **বাপেক্স** | (৩) বাপেক্স-এর জুলাই, ২০২৫ মাসে অনুষ্ঠেয় বোর্ড সভায় এ সংক্রান্ত বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হবে। |
| **এসজিএফএল** | (৩) কোম্পানিতে প্যানেল আইনজীবি নেই। |
| | |

| | |
|---|---|
| বিজিডিসিএল | ৩। বিজিডিসিএল এর ৬৩৫তম সভার সিদ্ধান্ত অনুসারে ১০ নভেম্বর ২০২৪ তারিখে বিজিডিসিএল-এর প্যানেল আইনজীবী নিয়োগ প্রদান করা হয়েছে। পরবর্তী প্যানেল আইনজীবী নিয়োগে পূর্বতন প্যানেল আইনজীবীদের পরিবর্তন করে নতুন করে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| বিসিএমসিএল | (৩) আগামী ১৫/০১/২০২৬ তারিখে বিসিএমসিএল-এর প্যানেল আইনজীবীদের মেয়াদ পূর্তির পর নতুন করে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| আরপিজিসিএল | (৩) নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| এমজিএমসিএল | ৩। প্যানেল আইনজীবী নিয়োগ প্রক্রিয়া গ্রহণের অনুমোদনের জন্য আসন্ন কোম্পানি বোর্ডে , বোর্ড পেপার উপস্থাপন করা হবে। |

**<u>সিদ্ধান্ত ৫ - বাস্তবায়ন অগ্রগতি:</u>**

| কোম্পানির নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| টিজিটিডিপিএলসি | (৫) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী কোম্পানির বিচারাধীণ মামলাসমূহের তথ্যাদি তিতাস গ্যাস পরিচালকমন্ডলীর ৮৭২তম সভায় পেশ করা হলে বোর্ড প্রতি মাসে কোম্পানির বিচারাধীণ মামলাসমুহের মধ্যে যেসকল মামলার রায় কোম্পানির বিপক্ষে যায় অথবা কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয় যেসকল মামলার রায় এর তথ্যাদি আবশ্যিকভাবে বোর্ডকে অবহিতকরণের নির্দেশনা প্রদান করেন। বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। |
| বিসিএমসিএল | (৫) বিসিএমসিএল-এর বিচারাধীন মামলা বিষয়ক একটি এজেন্ডা কোম্পানি পরিচালনা পর্ষদের ০৭/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৩৮৩ তম সভায় উপস্থাপন করা হয় এবং পর্ষদের নির্দেশনার প্রেক্ষিতে গত ২০/০৫/২০২৫, ২২/০৬/২০২৫ এবং ০৭/০৭/২০২৫ তারিখে প্রশাসনিক বোর্ড কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়। |
| এমজিএমসিএল | ৫। এমজিএমসিএল-এর পক্ষে-বিপক্ষে চলমান মামলাসমূহের বিষয়ে একটি বোর্ড পেপার কোম্পানির পরিচালনা পর্ষদে উপস্থাপন করা হলে পর্ষদ নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করে:<br><br>সিদ্ধান্ত: "মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর পক্ষে-বিপক্ষে চলমান মামলাসমূহের বর্তমান অবস্থা পর্ষদ অবহিত হলো এবং মামলাসমূহ নিষ্পত্তিকরণে কোম্পানি পর্যায়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।"<br><br>পর্ষদ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানি পর্যায়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| কেজিডিসিএল | ৫। সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির বিচারাধীন মামলাসমূহ রিভিউ করে মামলার বর্তমান অবস্থা, নিষ্পত্তি হতে বিলম্বের কারণসমূহ, দ্রুততম সময়ে নিষ্পত্তির বিষয়ে করণীয় ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রদানের জন্য পরিচালনা পর্ষদের প্রশাসনিক কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত বিচারাধীন মামলাসমূহের তথ্য নির্ধারিত ছকে ইনপুট প্রদান করা হয়েছে এবং কেজিডিসিএল পরিচালনা পর্ষদের ২৩১তম সভার অনুমোদনের আলোকে প্রশাসনিক কমিটির সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| বিজিএফসিএল | ৫। কোম্পানির পরিচালনা পর্ষদ প্রশাসনিক কমিটির সভা গত ২৭-০৪-২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। বোর্ড কমিটির সুপারিশ সংবলিত প্রতিবেদন গত ২৯-০৫-২০২৫ তারিখে বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। বোর্ড কমিটির সুপারিশ অনুমোদন করা হয়েছে। |
| | |
| বাপেক্স | (৫) বাপেক্স-এর জুলাই, ২০২৫ মাসে অনুষ্ঠেয় বোর্ড সভায় এ সংক্রান্ত বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হবে। |
| এসজিএফএল | (৫) নির্দেশনা মোতাবেক কোম্পানিসমূহের বিচারাধীন মামলাসমূহের তথ্যাদি এসজিএফএল পরিচালনা পর্ষদের ৬৫৯তম বোর্ড সভায় উপস্থাপন করা হলে বোর্ড পর্ষদের প্রশাসনিক কমিটি কর্তৃক মামলাসমূহ রিভিউ করার পর সুপারিশমালা প্রণয়ন করে পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনপূর্বক পেট্রোবাংলা-কে অবহিত করার নির্দেশনা প্রদান করে। |
| জিটিসিএল | (৫) আলোচ্য বিষয়ের উপর কার্যক্রম চলমান রয়েছে । |
| বিজিডিসিএল | ৫। সভার সিদ্ধান্ত অনুসারে এ বিষয়ে পরিচালনা পর্ষদে - উপস্থাপনযোগ্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। পরিচালনা পর্ষদের সভায় উক্ত কার্যপত্রটি উপস্থাপন করা হবে। |

| | |
|---|---|
| **জেজিটিডিএসএল** | (৫) নির্দেশনা মোতাবেক জেজিটিডিএসএল-এর বিচারাধীন মামলা বিষয়ক একটি এজেন্ডা শীঘ্রই কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনের লক্ষ্যে কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। |
| **এসজিসিএল** | ৫। নির্দেশনা প্রতিপালনীয় হবে। |
| **আরপিজিসিএল** | (৫) নির্দেশনা অনুযায়ী কোম্পানির বিচারাধীন মামলাসমূহের সারসংক্ষেপ প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই বোর্ডে উপস্থাপন করা হবে। |
| **পিজিসিএল** | ৫। বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী পিজিসিএল-এর ৩৭৪তম পরিচালনা পর্ষদ সভায় কার্যবিবরণী উপস্থাপন করা হলে পর্ষদ প্রশাসনিক বোর্ড কমিটির মাধ্যমে রিভিউ করে মামলার বর্তমান অবস্থা, নিষ্পত্তি হতে বিলম্বের কারণসমূহ, দ্রুততম সময়ে নিষ্পত্তির বিষয়ে করণীয় ইত্যাদি বিষয়ে সুপারিশমালা প্রণয়নপূর্বক পরবর্তীতে এ সংক্রান্ত কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। |

সভাপতি বলেন যে, কোম্পানিসমূহের বিচারাধীন মামলা বিষয়ক একটি এজেন্ডা স্ব-স্ব পরিচালনা পর্ষদের সভায় উত্থাপন করতে হবে এবং পরিচালনা পর্ষদের সংশ্লিষ্ট প্রশাসনিক কমিটি সকল মামলাসমূহ নিজেরা রিভিউ করে মামলার বর্তমান অবস্থা, নিষ্পতি হতে বিলম্বের কারণসমূহ, দ্রুততম সময়ে নিষ্পত্তির বিষয়ে করণীয় ইত্যাদি বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করে পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনপূর্বক পেট্রোবাংলা-কে অবহিত করবে। তিনি বলেন যে, মামলা যেমনই হোক, মামলাগুলি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। মামলার মাধ্যমে বকেয়া আদায় এবং অবৈধ সংযোগ যেন বন্ধ হয় সেই ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। সভাপতি মামলা সংক্রান্ত বিষয়ে প্রতিমাসে একটি পৃথক সভা আয়োজনের জন্য সচিব, পেট্রোবাংলা-কে নির্দেশ দেন। কোনো মামলার রায় বিপক্ষে গেলে তার কারণ এবং এ বিষয়ে করণীয় সম্পর্কে উক্ত সভায় বিস্তারিত আলোচনা করতে হবে এবং তার অগ্রগতি সংস্থার পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে। সভাপতি সংস্থা ও সকল কোম্পানির পূর্বতন প্যানেল আইনজীবীদের পরিবর্তন করে নতুন করে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংস্থা ও কোম্পানিসমূহের আইন শাখায় কর্মরত কর্মকর্তাদের অধিকতর সচেতনতার সাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

<u>সিদ্ধান্ত:</u>

(১) পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিগুলোর বিচারাধীন মামলাগুলি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। মামলার মাধ্যমে বকেয়া আদায় এবং অবৈধ সংযোগ যেন বন্ধ হয় সেই ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) সচিব, পেট্রোবাংলা মামলা সংক্রান্ত বিষয়ে প্রতিমাসে একটি পৃথক সভা আয়োজন করবেন। কোনো মামলার রায় বিপক্ষে গেলে তার কারণ এবং এ বিষয়ে করণীয় সম্পর্কে উক্ত সভায় বিস্তারিত আলোচনা করতে হবে এবং তার অগ্রগতি সংস্থার পর্যালোচনা সভায় উপস্থাপন করতে হবে।

(৩) পেট্রোবাংলা ও আওতাধীন সকল কোম্পানির পূর্বতন প্যানেল আইনজীবীদের পরিবর্তন করে নতুন করে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে

(৪) সংস্থা ও কোম্পানিসমূহের আইন শাখায় কর্মরত কর্মকর্তাদের অধিকতর সচেতনতার সাথে কাজ করতে হবে।

(৫) কোম্পানিসমূহের বিচারাধীন মামলা বিষয়ক একটি এজেন্ডা স্ব-স্ব পরিচালনা পর্ষদের সভায় উত্থাপন করতে হবে এবং পরিচালনা পর্ষদের সংশ্লিষ্ট প্রশাসনিক কমিটি সকল মামলাসমূহ নিজেরা রিভিউ করে মামলার বর্তমান অবস্থা, নিষ্পতি হতে বিলম্বের কারণসমূহ, দ্রুততম সময়ে নিষ্পত্তির বিষয়ে করণীয় ইত্যাদি বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করে পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনপূর্বক পেট্রোবাংলা-কে অবহিত করবে। এ সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

<u>কার্যব্যবস্থায়:</u>

সচিব, পেট্রোবাংলা।

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

### ৪.১৬। <u>স্বতন্ত্র বেতন কাঠামো:</u>

পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের বিষয়ে আলোচনা হয় এবং এ বিষয়ের বর্তমান বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তুলে ধরা হয়, যা নিম্নরূপ:

| কোম্পানির নাম | অগ্রগতি ও বাস্তবায়ন |
|---|---|
| **বাপেক্স** | বাপেক্স এ স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের নিমিত্ত কোম্পানির আর্থিক সক্ষমতা নিরূপণের লক্ষ্যে নিয়োগকৃত Actuary Firm কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। প্রতিবেদনের বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। |
| **বিজিএফসিএল** | সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির আর্থিক সক্ষমতা নিরুপণের নিমিত্ত গত ১৮-০৯-২০২৪ তারিখে একচুয়ারি ফার্ম নিয়োগ প্রদান করা হয়। একচুয়ারি ফার্ম চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **এসজিএফএল** | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এ স্বতন্ত্র বেতন কাঠামো চালুর লক্ষ্যে কোম্পানির আর্থিক সক্ষমতা নিরূপনের নিমিত্ত নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স এ্যাকচুয়ারি বাংলাদেশ গত ০৬-০১-২০২৫ তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদন পর্যালোচনান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| **জিটিসিএল** | কোম্পানির আর্থিক অবস্থা বিবেচনায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| | |
|---|---|
| **টিজিটিডিপিএলসি** | কোম্পানির পরিচালনা পর্যদের সদস্য পরিবর্তন হওয়ায় কোম্পানিতে স্বতন্ত্র বেতনস্কেল বাস্তবায়নের ক্ষেত্রে প্রস্তাবিত সুপারিশসমূহ অধিকতর যাচাই-বাচাই এবং এতদবিষয়ে সম্ভাব্য ভবিষ্যৎ জটিলতা নিরসনের লক্ষ্যে ইতোপূর্বে গঠিত কমিটি পত্র সূত্র নং;-২৮.১৩.০০০০.০০০.০২৩.৯৯.০০৩৯.২৮.১০৮ তারিখ:- ১২/০৩/২০২৫ এর মাধ্যমে পুনঃগঠন করা হয়েছে। গঠিত বোর্ড কমিটির কাজের সহায়তার লক্ষ্যে কোম্পানির সাধারণ, হিসাব ও কারিগরি ক্যাডারের কর্মকর্তাদের সমন্বয়ে ১৮/০৫/২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়। |
| **বিজিডিসিএল** | এতদবিষয়ে গঠিত কমিটি এচুয়ারি ফার্ম  নিয়োগের মাধ্যমে স্বতন্ত্র বেতন কাঠামো বাস্তবায়নের লক্ষ্যে বিজিডিসিএল-এর সক্ষমতা নিরুপনের সুপারিশ করেছে। সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। |
| **জেজিটিডিএসএল** | স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে কোম্পানির আর্থিক সক্ষমতা নিরূপণের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। |
| **পিজিসিএল** | পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পিজিসিএল-এর স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে কোম্পানির আর্থিক সক্ষমতা নিরুপণের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। |
| **কেজিডিসিএল** | গত ০৩-১০-২০২৪ তারিখে অনুষ্ঠিত কেজিডিসিএল পরিচালনা পর্ষদের ২১৭তম সভায় স্বতন্ত্র বেতন কাঠামোর কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ তা পর্যালোচনার নিমিত্ত পর্ষদ সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত প্রশাসনিক কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন। |
| **এসজিসিএল** | স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক গঠিত কমিটি ইতোমধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট স্বতন্ত্র বেতন কাঠামো সংক্রান্ত প্রতিবেদন দাখিল করেছে। পরবর্তীতে কোম্পানি পর্যায়ে স্বতন্ত্র বেতন কাঠামো সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করা হচ্ছে। |
| **আরপিজিসিএল** | স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে কোম্পানির আর্থিক সক্ষমতা নিরুপণ করা হয়েছে। আরপিজিসিএল-এর সাংগঠনিক কাঠামো পুনঃবিন্যাস করে বোর্ডে উপস্থাপন করা হয়েছে যা বোর্ড কমিটি কর্তৃক পর্যালোচনাধীন আছে। |
| **বিসিএমসিএল** | স্বতন্ত্র বেতন কাঠামো প্রণয়নের উদ্দেশ্যে কোম্পানির আর্থিক সক্ষমতা নিরুপণের লক্ষ্যে নিয়োগকৃত 'এ্যাকচুয়ারি বাংলাদেশ' নামক পরামর্শক প্রতিষ্ঠানটির দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদন গত ০৪ এপ্রিল ২০২৪ তারিখে কোম্পানির অর্থ ও হিসাব বিভাগের মাধ্যমে প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কোম্পানিতে স্বতন্ত্র বেতনকাঠামো প্রবর্তনের বিষয়ে একটি কার্যপত্র পর্ষদ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **এমজিএমসিএল** | স্বতন্ত্র বেতন কাঠামো বাস্তবায়নের জন্য আর্থিক সক্ষমতা যাচাইয়ের লক্ষ্যে "একচুয়ারি বাংলাদেশ, গুলশান, ঢাকা-১২১২" কে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানটি খসড়া প্রতিবেদন দাখিল করেছে যা যাচাই-বাই্ছপূর্বক চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে। |

সভাপতি বলেন যে, স্বতন্ত্র বেতন কাঠামোর বিষয়ে নীতিগত ভাবে পেট্রোবাংলা একমত। টিজিটিডিপিএলসি স্বতন্ত্র বেতনের দ্রুত একটি কাঠামো তৈরি করতে পারলে অন্য কোম্পানিগুলোও সেই কাঠামো অনুসরণ করতে পারবে। তৎপ্রেক্ষিতে সভাপতি স্বতন্ত্র বেতন কাঠামো গঠনের মাধ্যমে কোম্পানিগুলোকে স্মার্ট কোম্পানি হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(১) টিজিটিডিপিএলসি-কে দ্রুততার সাথে স্বতন্ত্র বেতন কাঠামো চালুর কার্যক্রম এগিয়ে নিয়ে যেতে হবে এবং একইসাথে অন্য কোম্পানিগুলোও স্বতন্ত্র বেতন কাঠামো চালুর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

**কার্যব্যবস্থায়:**

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

## ৪.১৭। **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:**

পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ের বর্তমান বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তুলে ধরা হয়, যা নিম্নরূপ:

| কোম্পানির নাম | অগ্রগতি ও বাস্তবায়ন |
|---|---|
| **বাপেক্স** | APA এর আওতাধীন সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। পেট্রোবাংলার APA সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। |
| **বিজিএফসিএল** | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ'র কার্যক্রমের আওতায় সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এছাড়া , ২০২৫-২০২৬ অর্থবছরের এপিএ চুক্তি সম্পন্ন হয়নি। |
| **এসজিএফএল** | নির্দেশনা অনুসারে কার্যক্রম চলমান আছে। |
| **জিটিসিএল** | ২০২৪-২৫ অর্থ বছরে এপিএ এর কার্যক্রম চলমান রয়েছে। |
| **টিজিটিডিপিএলসি** | ২০২৪-২৫  অর্থবছরের এপিএ'র কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। প্রত্যেক মাসে কোম্পানির এপিএ প্রতিবেদন পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। |
| **বিজিডিসিএল** | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ যথাযথভাবে বাস্তবায়নে এপিএ টীমের সবাই আন্তরিকভাবে কাজ করছে। গত অর্থবছরের এপিএ শতভাগ অর্জিত হয়েছে। তা প্রমাণকসহ APAMS সফটওয়্যারে আপলোড করা হয়েছে। চলতি মে'২৫ মাস পর্যন্ত বিজিডিসিএল-এর অর্জিত সূচক ৭২.১৬। |
| **জেজিটিডিএসএল** | ২০২৪-২৫ অর্থবছরে জেজিটিডিএসএল ও পেট্রোবাংলার মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী গৃহীত কর্মসম্পাদন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। |
| **পিজিসিএল** | নির্দেশনা অনু্যায়ী এপিএ ও এপিএ'র আওতাধীন নির্ধারিত সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। |
| **কেজিডিসিএল** | কেজিডিসিএল-এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন সকল কার্যক্রম চলমান রয়েছে। |

| | |
|---|---|
| এসজিসিএল | মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয় হতে সুনির্দিষ্ট নির্দেশনা না পাওয়া পর্যন্ত এপিএ এর আওতাধীন সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। |
| আরপিজিসিএল | ২০২৩-২০২৪ অর্থবছরে আরপিজিসিএল-এর এপিএ'র সকল সূচক শতভাগ অর্জিত হয়েছে যা প্রমাণকসহ যথাসময়ে APAMS সফটওয়্যারে আপলোড করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ'র কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। |
| বিসিএমসিএল | ২০২৪-২০২৫ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর প্রায় ১০০% (শতভাগ) লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, যা এপিএমএস সফটওয়্যারে আপলোড পরবর্তী প্রমাণকসহ বই আকারে বাঁধাই করে পেট্রোবাংলায় প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। |
| এমজিএমসিএল | নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

পরিচালক (প্রশাসন) বলেন যে, এপিএ এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় প্রশাসনিক মন্ত্রণালয় হতে এ বিষয়ে সুনির্দিষ্ট ভাবে কিছু জানানো হয়নি। তবে, এপিএ এর আওতাধীন সকল কার্যক্রম সম্মিলিত ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে যেনো পরবর্তীতে নির্দেশনা পাওয়া গেলে সে অনুযায়ী দ্রুত কার্য সম্পাদন করা যায়। তৎপ্রেক্ষিতে সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয় হতে সুনির্দিষ্ট নির্দেশনা না পাওয়া পর্যন্ত এপিএ এর আওতাধীন সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রাখতে হবে।

<u>সিদ্ধান্ত:</u>

(১) মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয় হতে সুনির্দিষ্ট নির্দেশনা না পাওয়া পর্যন্ত এপিএ এর আওতাধীন সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রাখতে হবে।

<u>কার্যব্যবস্থায়:</u>

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.১৮। **<u>সম্পত্তি ব্যবস্থাপনা:</u>**

সম্পত্তি ব্যবস্থাপনা নিয়ে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়, যা নিম্নরূপ:

<table>
<tr><th>কোম্পানির নাম</th><th>অগ্রগতি ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>বাপেক্স</td><td>কোম্পানির বিভিন্ন স্থাপনার ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে এবং পেট্রোবাংলার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।</td></tr>
<tr><td>বিজিএফসিএল</td><td>দক্ষ ভূমি ব্যবস্থাপনা (ভূমি উন্নয়ন কর পরিশোধ, নামজারি, জমির তথ্য সংরক্ষণ, অবৈধ দখল উচ্ছেদ ইত্যাদি) গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। পাইপলাইনের পথস্বত্ব (ROW) সংরক্ষণে কোম্পানিতে মোট ২৭ জন পাহারাদার নিয়োজিত আছে। কোম্পানির তিতাস ফিল্ডের লোকেশন-'এফ' হতে 'গোকর্ণঘাট' পর্যন্ত পাইপলাইনের সীমানা পিলার স্থাপনের কাজ মার্চ/২০২৫ মাসে সম্পন্ন হয়েছে।</td></tr>
<tr><td>এসজিএফএল</td><td>কোম্পানি পর্যায়ে দক্ষ ভূমি ব্যবস্থাপনা (ভূমি উন্নয়ন কর পরিশোধ, নামজারি, জমির তথ্য সংরক্ষণ, অবৈধ দখল উচ্ছেদ ইত্যাদি) গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। পাইপলাইনের পথস্বত্ব (ROW) সংরক্ষণে নজরদারি বাড়ানো হয়েছে। সরকারি কাজে জমি খননের সময় ভূগর্ভস্থ পাইপলাইন যাতে ছিদ্র না হয় সে বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।</td></tr>
<tr><td>জিটিসিএল</td><td>অবৈধ দখল উচ্ছেদ সংক্রান্ত কমিটির কার্যক্রম চলমান রয়েছে এবং ২১৬০ কি.মি পাইপলাইনের পথস্বত্ব নিরাপত্তার জন্য পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী/পেট্রোলম্যান নিয়োজিত রয়েছে। আরও কিছুসংখ্যক নিরাপত্তা প্রহরী/পেট্রোলম্যান নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে । কোম্পানির ২১৬০ কি.মি পাইপলাইনের জন্য নতুনভাবে তৈরি ও স্থাপনের নিমিত্তে ট্রান্সমিশন ইস্ট এ ৪৫৬৭ টি এবং ট্রান্সমিশন ওয়েস্ট এ ১৫১৩ টি মার্কার পোস্টের সংখ্যা নির্ধারণ করা হয়েছে । দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতপূর্বক মুখবন্ধ খামে ক্রয়কারী কার্যালয়ের প্রধানের নিকট দাখিল করা হয়েছে। ।</td></tr>
<tr><td>টিজিটিডিপিএলসি</td><td>ভূমি উন্নয়ন কর পরিশোধ একটি চলমান প্রক্রিয়া। যে সকল জমি কোম্পানীর নামে নামজারী রয়েছে অর্থাৎ ২০২৪-২৫ অর্থ বছরের ১৯৮.৭৮৫৪ একর ভূমির ভূমি উন্নয়ন কর বাবদ ৬৩,৩৪,৯৪৯.০০ টাকা পরিশো করা হয়েছে। উল্লেখ্য নামজারী একটি দীর্ঘমেয়াদী প্রক্রিয়া প্রক্রিয়া হওয়ায় অবশিষ্ট জমির নামজারী কার্যক্রম চলমান রয়েছে।
<table>
<tr><th>মাসের নাম</th><th>অবৈধ দখলকারীর সংখ্যা</th><th>চিন্হিত অবৈধ দখলকারী উচ্ছেদের সংখ্যা</th><th>অবশিষ্ট চিন্হিত দখলকারীর সংখ্যা</th></tr>
<tr><td>জুন,২০২৫</td><td>৫৪+১০৯+১০৩+১১৪</td><td>১</td><td>৩৭৯</td></tr>
</table>
ডেমরাস্থ সিজিএস হতে উৎসারিত ১২ ইঞ্চি ডায়া এবং ১৬ ইঞ্চি ডায়া x ৩০০ পিএসআইজি উচ্চ ক্ষমতা সমন্ন ২(দুই)টি পাইপ লাইনের পথসত্ত্বের (ROW) উপর অবৈধভাবে নির্মিত স্থাপনাসমূহের তালিকা চূড়ান্ত করা হয়েছে। অবৈধ ভাবে নির্মিত স্থাপনাসমূহ অপসারণের জন্য ভূমি ও ভু-সম্পত্তি বিভাগের সমন্বয়ে অতিসত্তর উদ্দ্যোগ গ্রহণ করা হবে ।<br>আমিন বাজার ডিআরএস হতে মাঝের চর ডিআরএস পর্যন্ত ১২ ইঞ্চি ডায়া গ্যাস পাইপ লাইনের পথসত্ত্বের (ROW) উপর অবৈধভাবে নির্মিত স্থাপনাসমূহের অপসারণের জন্য অবৈধভাবে দখলকারীদের ১৩ জনকে পত্র প্রদান করা হয়েছে। অবৈধ ভাবে নির্মিত স্থাপনাসমূহ অপসারণের জন্য অতিসত্তর উদ্দ্যেগ গ্রহণ করা হবে ।</td></tr>
</table>

| | |
|---|---|
| **বিজিডিসিএল** | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেডের আয়ত্বাধীন মোট ভূমির পরিমান ১০১.৫৪ একর-যা ১০৫টি মৌজায় ৪৭টি ভূমি অফিসের অন্তর্ভুক্ত। উক্ত ভূমি সমুহের প্রতিবছর ভূমি উন্নয়ন কর প্রদান, ভূমি অধিগ্রহণ, নামজারী জমির সকল তথ্য সংরক্ষণ ইত্যাদি কাজ সম্পাদনের জন্য অত্র কোম্পানীর পিএলসিসি ডিপার্টমেন্টের আওতায় রো এন্ড ল্যান্ড শাখা রয়েছে। ইতিমধ্যে রো এন্ড ল্যান্ড শাখা হতে ২০২৪-২০২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর বাবদ ৮৭,১৪,৮৬৭.০০ টাকা অনলাইনে পরিশোধ করা হয়েছে। অপরদিকে ব্রাহ্মণবাড়িয়া জেলায় বিজিডিসিএল এর ভূমির পরিমাণ ৩.৪২০৫ একর। উহা টিজিটিডিসিএল হতে ভেন্ডর্স এগ্রিমেন্টের আওতায় দখলসত প্রাপ্ত, এই ভূমিসমুহের প্রয়েজনীয় হস্তান্তরিত ভূমির নকশা, এল.এ কেইস, দলিলপত্র, দাগসূচি ও নামজারি, ভূমি উন্নয়ন কর, ইউপি/পৌরকর ও অন্যান্য ডকুমেন্টসসমূহ পাওয়ার জন্য টিজিটিডিসিএল এর সহিত যোগাযোগ অব্যাহত আছে। এছাড়াও বাখরাবাদ গ্যাস আদর্শ বিদ্যালয়ের প্রবেশ পথের বেদখল হওয়া ৪৫৬.৬ বর্গফুট জমি পুনরুদ্ধারের জন্য এডিসি (রেভিনিউ) এর সাথে উচ্ছেদ অভিযান পরিচালনা করার যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>বিজিডিসিএল এর ২৪ জন পেট্রোলম্যান সার্বক্ষনিক সঞ্চালন পাইপলাইনে পথসত্ব সংরক্ষনে পাহারায় নিয়োজিত আছেন। |
| **জেজিটিডিএসএল** | নির্দেশনা মোতাবেক জেজিটিডিএসএল-এর অধিকাংশ ভূমির ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে। শুধুমাত্র যেসকল ভূমির জরিপ পর্চা/ খতিয়ান গেজেট আকারে প্রকাশ হয়নি সেসকল ভূমির ভূমি উন্নয়ন কর পরিশোধ করা সম্ভব হয়নি, যা গেজেট প্রকাশের পর যথাশীঘ্র পরিশোধ করা হবে। এছাড়া, অত্র কোম্পানির প্রায় ৯২% ভূমির নামজারি সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট জমির নামজারি সম্পন্নকরণের জন্য পর্যায়ক্রমে আবেদন করাসহ কোম্পানির নামে অধিগ্রহণকৃত/লিজ/ক্রয়কৃত সকল জমির তথ্য রেজিস্টারভুক্ত করে সংরক্ষণ করা হয়েছে। উল্লেখ্য, নাইকো রিসোর্সেস (বাংলাদেশ) লিঃ কর্তৃক বিনা অনুমতিতে অত্র কোম্পানির ৩.৫০ একর ভূমি দখলে রাখা হয়েছে যা আন্তর্জাতিক আদালতে বিচারাধীন রয়েছে। এছাড়া, জেজিটিডিএসএল -এর প্রধান কার্যালয় সংলগ্ন ০.০১৩৫ একর ভূমি জবর দখলে আছে, যা উদ্ধারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। জেজিটিডিএসএল-এর পথস্বত্ব (ROW) সংরক্ষণে নজরদারি বাড়ানোর লক্ষ্যে পেট্রোলম্যান নিয়োজিত আছে। এছাড়া, কোম্পানির সঞ্চালন ও মুখ্য বিতরণ পাইপলাইনের পথস্বত্ব (ROW) চিহ্নিত করাসহ ১২০০ টি নির্দেশক চিহ্ন (Marker Post) স্থাপন করা আছে। পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক ২০০ মিটার অন্তর অন্তর মার্কার পোস্ট স্থাপনের জন্য মোট ৩,০০০ টি মার্কার পোস্টের সংখ্যা নিরূপণ করা হয়েছে। বর্তমানে দুটি চুক্তির আওতায় নিয়োজিত ঠিকাদার কর্তৃক যথাক্রমে ৬০০টি ও ১২০০টি মার্কার পোস্ট নির্মাণসহ স্থাপনের কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। |
| **পিজিসিএল** | পিজিসিএল-এ কোন অবৈধ দখলদার নেই। তবে ১৯/২০১৭-১৮ এল এ কেসের মাধ্যমে সিরাজগঞ্জ উপজেলাধীন চকশিয়ালকোল মৌজায় ০.৪৯ একর ভূমি অধিগ্রহণ করা হয় এবং অধিগ্রহণকৃত ভূমির গেজেট প্রকাশিত হয়। পরবর্তীতে উক্ত ভূমির পূর্বতন মালিক মহামান্য হাইকোর্টে অধিগ্রহণকে চ্যালেঞ্জ করে রিট পিটিশন দায়ের করেন, যা বিচারাধীন রয়েছে। এছাড়া সকল ভূমির নামজারি ও জমির সকল তথ্য সঠিকভাবে সংরক্ষণ করা রয়েছে এবং নিয়মিতভাবে ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়ে থাকে। সরকারি কাজে জমি খননের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অবহিত করলে উক্ত কাজের সময় প্রতিনিধি প্রেরণসহ পর্যাপ্ত পাইপলাইন হেল্লার সাইটে নিয়োগ এবং অস্থায়ী পিলার স্থাপন করা হয়। |
| **কেজিডিসিএল** | কোম্পানির ১৯০ কি.মি. সঞ্চালন ও মুখ্য বিতরণ পাইপলাইনের পথস্বত্ব (ROW) সংরক্ষণে (সরকারি কাজে খননের সময় যেন ভূগর্ভস্থ পাইপলাইন ছিদ্র না হয়ে যায়) বর্তমানে ৩৮ জন পেট্রোলম্যান/পাহারাদারগণের মাধ্যমে নিয়মিত টহল/চৌকি দেওয়া হচ্ছে। অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম অব্যাহত আছে।<br>এছাড়া পাইপলাইনের রাইট অব ওয়ে (ROW) চিহ্নিতকরণের জন্য ২০১২ টি নির্দেশক চিহ্ন বা মার্কার পোস্ট স্থাপিত আছে। ঘনবসতি এলাকায় নতুন মার্কার পোস্ট স্থাপন এবং স্থাপিত মার্কার পোস্টসমূহের মধ্যে দূরত্ব কমিয়ে দৃশ্যমান করার নিমিত্তে আরও ৭০০ টি নতুন মার্কার পোস্ট স্থাপনের জন্য ই-দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হয়েছে। মার্কার পোস্ট নির্মান ও স্থাপনের কাজ চলমান আছে।<br>কোম্পানির সম্পত্তির হালনাগাদ ২০২৪-২০২৫ অর্থবছর (১৪৩১ বাংলা) এর ভূমি উন্নয়ন কর ‘এ’ চালানের মাধ্যমে অনলাইনে পরিশোধ করা হয়েছে।<br>কেজিডিসিএল এর অধিগ্রহণকৃত কিছু এল. এ মামলার গেজেট প্রকাশিত না হওয়ায় নামজারী করা সম্ভব হয়নি তবে যে সকল এল. এ মামলার গেজেট প্রকাশিত হয়েছে সে সকল এল.এ মামলার ভূমি নামজারী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে।<br>এছাড়া, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর জমির তথ্য সংরক্ষিত রয়েছে। |
| **এসজিসিএল** | কোম্পানি পর্যায়ে দক্ষ ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার অংশ হিসাবে কোম্পানি কর্তৃক অধিগ্রহণকৃত জমিসমূহের তথ্য সংরক্ষণ করা হচ্ছে এবং অধিগ্রহণকৃত জমিসমূহের মধ্যে নামজারিকৃত সকল জমির ভূমি উন্নয়ন কর হাল সন (বাংলা ১৪৩১) পর্যন্ত পরিশোধ করা হয়েছে। বর্তমানে এসজিসিএল কর্তৃক অধিগ্রহণকৃত কোন জমিতে অবৈধ দখল নেই। পথস্বত্ব (ROW) সংরক্ষণে যেন সরকারি কাজে জমি খননের সময় ভূগর্ভস্থ পাইপলাইন ছিদ্র না হয়ে যায় তার নজরদারি বাড়াতে পেট্রোলম্যান নিয়োগ করা হয়েছে এবং নির্দেশনা অনুযায়ী পিলার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **আরপিজিসিএল** | বর্তমানে কোম্পানির কোনো সম্পত্তি জবর দখল বা বেদখলে নেই। প্রধান কার্যালয়সহ কোম্পানির অন্যান্য স্থাপনার নিজস্ব ভূমি উন্নয়ন কর পরিশোধ হালনাগাদ রয়েছে। |
| **বিসিএমসিএল** | বিসিএমসিএল-এর ভূমিসমূহের ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে। এছাড়া ভূমিসমূহের নামজারি এবং জমির যাবতীয় তথ্য সংরক্ষণ করা হচ্ছে। |
| **এমজিএমসিএল** | নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

সভাপতি সভায় সম্পত্তি ব্যবস্থাপনা বিষয়ে বলেন যে, নিজস্ব ও জেলা ম্যাজিস্ট্রেট এর সহায়তায় অবৈধ দখল উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাইপলাইনের মার্কার পোস্ট আরও কাছাকাছি স্থাপন করতে হবে। সরকারি ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে, জমির অবৈধ দখল থাকলে তা উদ্ধার করতে হবে, জমির তথ্য, নামজারি ইত্যাদি একটা পৃথক ফাইল করে তালিকাবদ্ধ রাখতে হবে যাতে সফটওয়্যারের মাধ্যমে সব তথ্য এক জায়গায় থাকে এবং পথস্বত্ব (ROW) সংরক্ষণে পর্যাপ্ত পাহারাদার নিয়োগ এবং পিলার স্থাপন করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) কোম্পানি পর্যায়ে দক্ষ ভূমি ব্যবস্থাপনা (ভূমি উন্নয়ন কর পরিশোধ, নামজারি, জমির তথ্য সংরক্ষণ, অবৈধ দখল উচ্ছেদ ইত্যাদি) গড়ে তুলতে হবে এবং

পাইপলাইনের পথস্বত্ব (ROW) সংরক্ষণে (সরকারি কাজে খননের সময় যেন ভূগর্ভস্থ পাইপলাইন ছিদ্র না হয়ে যায়) পর্যাপ্ত পাহারাদার নিয়োগ এবং পিলার স্থাপন করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.১৯। **ডি-নথির ব্যবহার:**

সভায় পেট্রোবাংলা ও ১৩ টি কোম্পানির ডি-নথির পরিসংখ্যান নিয়ে আলোচনা হয়, যা নিম্নরূপ:

| সংস্থা/কোম্পানি | ডি-নথিতে নিষ্পত্তিকৃত সংখ্যা | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত সংখ্যা | ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%) |
|---|---|---|---|
| পেট্রোবাংলা | ৭৭৩ | ০৯ | ৯৮.৮৫% |
| বাপেক্স | ৪৪৯ | ১১ | ৯৭.৬১% |
| বিজিএফসিএল | ৬৮৯ | ৪ | ৯৯.৪২% |
| এসজিএফএল | ১১৪৪ | ৮ | ৯৯.৩১% |
| জিটিসিএল | ৩৯৪ | ৩ | ৯৯.৬৫% |
| টিজিটিডিপিএলসি | ২৩৯৩ | ০ | ১০০% |
| বিজিডিসিএল | ১৪৭৬ | ০ | ১০০% |
| জেজিটিডিএসএল | ১১৮৬ | ০ | ১০০% |
| পিজিসিএল | ১৪৫৪ | ০ | ১০০% |
| কেজিডিসিএল | ৮৭১ | ০ | ১০০% |
| এসজিসিএল | ৪৩৮ | ০ | ১০০% |
| আরপিজিসিএল | ৩৬৮ | ০ | ১০০% |
| বিসিএমসিএল | ৫১৩ | ০ | ১০০% |
| এমজিএমসিএল | ৪৮০ | ০ | ১০০% |

সভাপতি সভায় ডি-নথির ব্যবহার প্রসঙ্গে পেট্রোবাংলা এবং কোম্পানিগুলোর পরিসংখ্যান বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি নিয়মিত ডি-নথির হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন এবং ডি-নথির ব্যবহার ১০০% করার নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(১) নিয়মিত ডি-নথির হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং ডি-নথির নিষ্পত্তির পরিমাণ দ্রুত ১০০% করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

**বিবিধ:**

৪.২০। **কেপিআই ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা:**

সভাপতি সভায় বলেন যে, কেপিআই ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে জোর তৎপরতা অব্যাহত রাখতে হবে। কেপিআইভুক্ত এলাকা এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমুহে কোনো ধরণের সভা, সমাবেশ ইত্যাদি করা যাবেনা, এটি যথাযথভাবে সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকগণ নিশ্চিত করবেন। FSRU এর নিরাপত্তা জোরদার নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে নিয়মিতভিত্তিতে সরাসরি পত্র প্রেরণ করতে হবে। জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্পে অব্যবহৃত কৃষি জমি ব্যবহারের বিষয়ে জয়পুরহাট সুগার মিলস্ লি: হতে কোনো প্রস্তাবনা পাওয়া গেলে সেটি অধিকতর পর্যালোচনার জন্য সভাপতি পরিচালক (অপারেশন এন্ড মাইনস)-কে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(১) কোম্পানিসমূহের পাইপ লাইনের উপরিভাগের নিরাপত্তাসহ সংস্থা/কোম্পানি'র কেপিআই ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

(২) কেপিআইভুক্ত এলাকা এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমুহে কোনো ধরণের সভা, সমাবেশ ইত্যাদি করা যাবেনা, এটি যথাযথভাবে সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকগণকে নিশ্চিত করতে হবে।

(৩) FSRU এর নিরাপত্তা জোরদার নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে নিয়মিতভিত্তিতে সরাসরি পত্র প্রেরণ করতে হবে।

(৪) জয়পুরহাট চুনাপাথর খনি ও সিমেন্ট প্রকল্পে অব্যবহৃত কৃষি জমি ব্যবহারের বিষয়ে জয়পুরহাট সুগার মিলস্ লি: হতে কোনো প্রস্তাবনা পাওয়া গেলে সেটা পরিচালক (অপারেশন এন্ড মাইনস) অধিকতর পর্যালোচনা করবেন।

**কার্যব্যবস্থায়:**

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।
পরিচালক (অপারেশন এন্ড মাইনস), পেট্রোবাংলা
ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.২১। **<u>ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি নির্দেশনা:</u>**

সভাপতি ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি নির্দেশনা সম্পর্কে বলেন যে, ঢাকার বাহিরের কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ জরুরি প্রয়োজন ছাড়া কর্মস্থলের বাহিরে অবস্থান করতে পারবেন না এবং তাঁদের কর্মস্থলে অবস্থানের বিষয়টি নিশ্চিত করতে হবে। ঢাকার বাহিরের কোম্পানিগুলোর ব্যবস্থাপনা পরিচালকগণকে ঢাকায় আসার জন্য যথাযথ ভাবে অনুমোদন নিয়ে আসতে হবে। সকল কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসের কর্মকর্তাগণ বিনা প্রয়োজনে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। কোনো কর্মকর্তা ছুটিতে গেলে তার পরিবর্তে অন্য কর্মকর্তার দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করতে হবে। সভাপতি ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাদের সচেতনতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) ঢাকার বাহিরের কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ জরুরি প্রয়োজন ছাড়া কর্মস্থলের বাহিরে অবস্থান করতে পারবেন না এবং তাঁদের কর্মস্থলে অবস্থানের বিষয়টি নিশ্চিত করতে হবে। ঢাকার বাহিরের কোম্পানিগুলোর ব্যবস্থাপনা পরিচালকগণকে ঢাকায় আসার জন্য যথাযথ ভাবে অনুমোদন নিয়ে আসতে হবে। সকল কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসের কর্মকর্তাগণ বিনা প্রয়োজনে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। কোনো কর্মকর্তা ছুটিতে গেলে তার পরিবর্তে অন্য কর্মকর্তার দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>**

পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা।
সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৪.২২ । **<u>সিএসআর ফান্ড ব্যবস্থাপনাঃ</u>**

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) সংস্থার আওতাধীন কোম্পানিসমূহের সিএসআর ফান্ড ব্যবস্থাপনা এর জন্য প্রস্তুতকৃত সেন্ট্রাল ডাটাবেজ বিষয়ে সংশ্লিষ্ট কমিটি একটি প্রেজেন্টেশন প্রদান করবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>**

আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি

৪.২৩ । **<u>বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিএল) এর সেবা সংক্রান্ত বিষয়:</u>**

পরিচালক (পরিকল্পনা) সভায় অবহিত করেন যে, বিডিসিসিএল-এর 4- Tier Data Centre-এ স্মার্ট প্রি-পেইড বিষয়ক এ্যাপ্লিকেশন এবং ডাটাবেজ সংরক্ষণের লক্ষ্যে পেট্রোবাংলা পর্যায়ে গঠিত কারিগরি কমিটি সুপারিশ প্রদান করেছে। সে আলোকে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সভাপতি Data Storage সংক্রান্ত গঠিত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী অনুমোদনক্রমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(১) Data Storage সংক্রান্ত গঠিত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী অনুমোদনক্রমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>**

পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা।

৪.২৪ । **<u>কোম্পানিসমূহের ঢাকা লিয়াজোঁ অফিস সংক্রান্ত তথ্য উপস্থাপনঃ</u>**

লিয়াজোঁ অফিসসমূহের জনবল সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| কোম্পানি | অনুমোদিত জনবল (স্থায়ী কর্মকর্তা) | পূর্বে কর্মরত | বর্তমানে কর্মরত | অনুমোদিত জনবল (কর্মচারী স্থায়ী/অস্থায়ী/আউটসোর্সিং) | পূর্বে কর্মরত | বর্তমানে কর্মরত | অনুমোদিত যানবাহন | পূর্বের যানবাহন সংখ্যা | বর্তমান যানবাহন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| BCMCL | ৬ | ৫ | ৪ | ৪ জন স্থায়ী<br>৮জন আউটসোর্সিং | ২ জন স্থায়ী<br>১৩জন আউটসোর্সিং | ২ জন স্থায়ী<br>১৩জন আউটসোর্সিং | ০৩ | ০৩ | ০৩ |
| BGDCL | ৫ | ২ | ২ | ৫ | ১২ | ১০ | - | - | - |
| BGFCL | ৫ | ৫ | ৫ | ৪ | ১৪ | ৭ | ২ | ৪ | ২ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| JGTDSL | ৬ | ৩ | ৩ | ৫ | ৬ | ৪ | ৪ | ৬ | ৬ |
| KGDCL | ৭ | ৩ | ৩ | ২ | ২ জন স্থায়ী<br>১০জন আউটসোর্সিং | ২ জন স্থায়ী<br>১০জন আউটসোর্সিং | ২ | ২ | ২ |
| MGMCL | ৪ | ৩ | ৩ | ১ জন স্থায়ী<br>৪জন আউটসোর্সিং | ৩ জন স্থায়ী<br>২ জন আউটসোর্সিং | ৩ জন স্থায়ী<br>২ জন আউটসোর্সিং | ২ | ২ | ২ |
| PGCL | ৪ | ২ | ২ | ১ জন স্থায়ী<br>৯ জন আউটসোর্সিং | ১ জন স্থায়ী<br>৫জন আউটসোর্সিং | ১ জন স্থায়ী<br>৫ জন আউটসোর্সিং | ১ | ১ | ১ |
| SGFL | ৫ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ |
| SGCL | ২ | ২ | ২ | ৩জন আউটসোর্সিং | ১১জন আউটসোর্সিং<br>০৩ জন দৈনিক ভিত্তিতে | ১১জন আউটসোর্সিং<br>০৩ জন দৈনিক ভিত্তিতে | ১ | ৩ | ৩ |

**সিদ্ধান্ত:**

(১) কোম্পানির সাংগঠনিক কাঠামোর অনুমোদিত পদ সংখ্যার অতিরিক্ত জনবল ও যানবাহন লিয়াজোঁ অফিসসমূহ হতে প্রত্যাহার করতে হবে।

**কার্যব্যবস্থায়:**

সকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক।

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৪-০৮-২০২৫
মোঃ রেজানুর রহমান
চেয়ারম্যান

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০২.০০০০.০০০.০৭২.০১.০০০৮.২২.১৩৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫। পরিচালক (পিএসসি), পিএসসি পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
১০। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১২। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।
১৩। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
১৫। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।
১৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
১৭। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১৮। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১৯। উর্দ্ধতন মহাব্যবস্থাপক (এলএনজি সেল), এলএনজি সেল, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২০। উর্দ্ধতন মহাব্যবস্থাপক (অনুসন্ধান ও সমীক্ষা প্রকল্প), অনুসন্ধান ও সমীক্ষা প্রকল্প বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২১। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২২। মহাব্যবস্থাপক (সংস্থাপন), সংস্থাপন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

২৩। মহাব্যবস্থাপক (সেবা), সেবা বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৪। মহাব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), এফ.এম.ডি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৫। মহাব্যবস্থাপক (হিসাব), হিসাব বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৬। মহাব্যবস্থাপক (অর্থ), অর্থ বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৭। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৮। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), স্ট্রাটেজিক প্লানিং এন্ড রিসোর্সেস মবিলাইজেশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২৯। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড মনিটরিং), প্লানিং এন্ড মনিটরিং বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩০। মহাব্যবস্থাপক (মিনারেল এক্সপ্লোরেশন এন্ড ইমপ্লেমেন্টেশন), এম.ই. এন্ড আই বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩১। মহাব্যবস্থাপক (রিজার্ভয়ার এন্ড ডাটা ম্যানেজমেন্ট), রিজার্ভয়ার এন্ড ডাটা ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩২। মহাব্যবস্থাপক (এনভায়রনমেন্ট এন্ড সেইফটি), এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৩। মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৪। মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং) (অতিরিক্ত দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৫। প্রকল্প পরিচালক, এলএনজি সেল, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৬। মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), মাইন অপারেশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৭। মহাব্যবস্থাপক (এলএনজি), এলএনজি সেল, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৮। মহাব্যবস্থাপক (অনুসন্ধান), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩৯। মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রডাকশন), ডেভেলপমেন্ট এন্ড প্রডাকশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪০। মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট), কন্ট্রাক্ট বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪১। উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪২। উপ-মহাব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৩। চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৪। ব্যবস্থাপক, আইন ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৫। ব্যবস্থাপক, ইন্টারনাল অডিট ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৬। ব্যবস্থাপক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৭। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৮। উপব্যবস্থাপক, বিধি ও শৃঙ্খলা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৪৯। উপব্যবস্থাপক, আইন ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫০। উপব্যবস্থাপক, আর্থিক হিসাব শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫১। সহকারী ব্যবস্থাপক, নিয়োগ, পদোন্নতি ও বদলি শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫২। সহকারী ব্যবস্থাপক, চেয়ারম্যান-এর সমন্বয় দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫৩। সহকারী ব্যবস্থাপক, এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫৪। সহকারী ব্যবস্থাপক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫৫। সহকারী ব্যবস্থাপক, ট্রান্সমিশন, ডিস্ট্রিবিউশন এন্ড কো-অর্ডিনেশন সেকশন, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

০৪-০৮-২০২৫
মোঃ আমজাদ হোসেন
সচিব